Biddabari
your success benchmark

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ

# NTRCA

# বাংলা ভাষা ও সাহিত্য

## লেকচার শিট

# NTRCA কর্তৃক প্রণীত সিলেবাস

উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, মাদ্রাসা, ব্যবসায় ব্যবস্থাপনা ইনস্টিটিউট ও কৃষি ডিপ্লোমা ও কৃষি ডিপ্লোমা ইনস্টিটিউট প্রতিষ্ঠানের প্রভাষক/ইন্সট্রাক্টর টেক পদে নিবন্ধনে ইচ্ছুক সকল প্রার্থীর জন্য।

## বাংলা (কলেজ পর্যায়) : মার্ক-২৫

ভাষারীতি ও বিরাম চিহ্নের ব্যবহার, বাগ্‌ধারা ও বাগ্‌বিধি, ভুল সংশোধন বা শুদ্ধকরণ, যথার্থ অনুবাদ ও শিরোনাম, সন্ধি-বিচ্ছেদ, কারক ও বিভক্তি, সমাস ও প্রত্যয় বিন্যাস, সমার্থক ও বিপরীতার্থক শব্দ, প্রায়োগিক প্রয়োজনীয়তা (বিরাম চিহ্ন, বাগ্‌ধারা, সন্ধি, কারক, সমাস, বিভক্তি, প্রত্যয়) প্রভৃতি।

## বাংলা (স্কুল এবং স্কুল-২ পর্যায়) : মার্ক-২৫

ভাষারীতি ও বিরাম চিহ্নের ব্যবহার, বাগ্‌ধারা ও বাগ্‌বিধি, ভুল সংশোধন বা শুদ্ধকরণ, যথার্থ অনুবাদ, সন্ধি-বিচ্ছেদ, কারক বিভক্তি, সমাস ও প্রত্যয়, সমার্থক ও বিপরীতার্থক শব্দ, বাক্য সংকোচন, লিঙ্গ পরিবর্তন।

## সূচিপত্র


| লেকচার নং | শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|---|
| লেকচার-১ | ■ বাংলা ভাষার উদ্ভব ও ক্রমবিকাশ ■ বাংলা লিপি ■ ধ্বনি ও বর্ণ ■ অক্ষর ■ যুক্তবর্ণ | ১-১৬ |
| লেকচার-২ | ■ বাংলা ভাষার রীতি ও বিভাজন ■ ধ্বনি পরিবর্তন | ১৭-২২ |
| লেকচার-৩ | ■ ণ-ত্ব বিধান এবং ষ-ত্ব বিধান ■ শব্দের শ্রেণিবিভাগ | ২৩-৩২ |
| লেকচার-৪ | ■ সন্ধি ■ সমার্থক শব্দ/প্রতিশব্দ | ৩৩-৪৬ |
| লেকচার-৫ | ■ পদ প্রকরণ ■ বিভিন্ন শব্দের অর্থ ■ বিপরীত শব্দ | ৪৭-৬০ |
| লেকচার-৬ | ■ লিঙ্গ ■ বচন ■ উপসর্গ | ৬১-৭২ |
| লেকচার-৭ | ■ সংখ্যাবাচক শব্দ ■ দ্বিরুক্ত শব্দ | ৭৩-৮০ |
| লেকচার-৮ | ■ প্রকৃতি প্রত্যয় | ৮১-৮৮ |
| লেকচার-৯ | ■ বানান শুদ্ধিকরণ ■ বাক্য শুদ্ধিকরণ ■ বাক্য ও বাক্য পরিবর্তন ■ পারিভাষিক শব্দ ■ অনুবাদ ■ যতি বা ছেদচিহ্ন | ৮৯-১১৪ |
| লেকচার-১০ | ■ কারক ও বিভক্তি ■ বাক্য সংকোচন ■ বাগ্‌ধারা | ১১৫-১৩৪ |
| লেকচার-১১ | ■ সমাস ■ চিঠিপত্র | ১৩৫-১৫২ |
| লেকচার-১২ | ■ **বাংলা সাহিত্যের প্রাচীন যুগ (চর্যাপদ)** ▸ বাংলা সাহিত্যের মধ্যযুগ ▸ শ্রীকৃষ্ণকীর্তন ▸ বৈষ্ণব পদাবলি ▸ মঙ্গলকাব্য ▸ রোমান্সধর্মী প্রণয়োপাখ্যান ▸ রোসাঙ্গ রাজসভায় বাংলা সাহিত্য | ১৫৩-১৬৮ |
| লেকচার-১৩ | ■ **বাংলা সাহিত্যের আধুনিক যুগ** ▸ ফোর্ট উইলিয়াম কলেজ ▸ মাইকেল মধুসূদন দত্ত ▸ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ▸ রবীন্দ্রনাথ ঠাকুর ▸ শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ▸ মানিক বন্দ্যোপাধ্যায় ▸ শওকত ওসমান ▸ শামসুর রাহমান ▸ জহির রায়হান | ১৬৯-১৮৬ |
| লেকচার-১৪ | ■ কাজী নজরুল ইসলাম, জসীমউদ্‌দীন, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, দীনবন্ধু মিত্র, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, প্রমথ চৌধুরী, মুনীর চৌধুরী, হুমায়ূন আহমেদ,সেলিনা হোসেন, ড. নীলিমা ইব্রাহিম, সৈয়দ শামসুল হক, আখতারুজ্জামান ইলিয়াস, নির্মলেন্দু গুণ, বেগম সুফিয়া কামাল, বেগম রোকেয়া সাখাওয়াত, ফররুখ আহমদ, মীর মশাররফ হোসেন, জীবনানন্দ দাশ, সৈয়দ ওয়ালীউল্লাহ, আল মাহমুদ। ■ বিখ্যাত উপন্যাস ■ বিখ্যাত নাটক ■ বিখ্যাত সাহিত্য বিষয়ক গ্রন্থ ■ সাহিত্যিকদের উপাধি, ছদ্মনাম ■ বিখ্যাত পঙ্‌ক্তি, উদ্ধৃতি ■ বিখ্যাত গান ■ ভাষা আন্দোলনভিত্তিক গ্রন্থ ■ ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র ■ মুক্তিযুদ্ধভিত্তিক গ্রন্থ | ১৮৭-২২০ |

# NTRCA লেকচার শিট বাংলা ভাষা ও সাহিত্য


## লেকচার ০১

### লেকচার টপিক

- বাংলা ভাষার উদ্ভব ও ক্রমবিকাশ
- বাংলা ব্যাকরণ
- অক্ষর
- বাংলা লিপি
- ধ্বনি ও বর্ণ
- যুক্তবর্ণ

### NTRCA সিলেবাস আলোচনা

শিক্ষক NTRCA এর পূর্ণাঙ্গ সিলেবাস বিশ্লেষণ আকারে ক্লাসে আলোচনা করবেন।




## বাংলা ভাষার উদ্ভব ও ক্রমবিকাশ

১. ভাষার মূল উপাদান- ধ্বনি।
২. ভাষার মূল উপকরণ- বাক্য।
৩. ভাষার ক্ষুদ্রতম অংশ- ধ্বনি
৪. ভাবের মাধ্যম– ভাষা।
৫. পৃথিবীতে বাংলায় কথা বলে– প্রায় ৩০ কোটি মানুষ।
৬. অঞ্চলভেদে ভাষার পার্থক্যই- উপভাষা।
৭. বাংলা ভাষা অন্তর্গত– ইন্দো-ইউরোপীয় ভাষা গোষ্ঠীর।

**ভাষা:** মনের ভাব প্রকাশের প্রধান মাধ্যম ভাষা। মানুষের মুখে উচ্চারিত অর্থবোধক ও মনোভাব প্রকাশক ধ্বনি সমষ্টিকে ভাষা বলে।

**সৃষ্টির ইতিহাস:** আগে ভাষা, পরে ব্যাকরণ। 'ভাষা চিন্তার শুধু বাহনই নয়, চিন্তার প্রসূতিও।' এ মন্তব্যটি করেছেন সুকুমার সেন।

### বাংলা ভাষার উদ্ভব

বাংলা ভাষা ইন্দো-ইউরোপীয় মূল ভাষাগোষ্ঠীর অন্তর্ভুক্ত। ড. মুহম্মদ শহীদুল্লাহ্র মতে, খ্রিষ্টপূর্ব ৫,০০০ বছর পূর্বে ইন্দো-ইউরোপীয় মূল ভাষার অস্তিত্ব ছিল। আনুমানিক খ্রিষ্টপূর্ব ২৫০০ বছর পূর্বে ইন্দো-ইউরোপীয় মূল ভাষার দুই শাখা 'কেন্তুম' ও 'শতম' শাখার ইন্দো–এশীয় রূপ 'শতম' শাখা থেকে প্রাচীন আর্য ভাষার উদ্ভব। ভারতীয় আর্য শাখার সৃষ্টি হয় প্রায় খ্রিষ্টপূর্ব ১২০০ অব্দে।

বাংলা ভাষার মূল উৎস প্রাকৃত ভাষা। 'প্রাকৃত' শব্দের শাব্দিক অর্থ হলো 'স্বাভাবিক' এবং ভাষাগত অর্থ- জনগণের ভাষা। প্রাকৃত ভাষা থেকে দুটি ভাষা সৃষ্টি হয়েছে- একটি 'পালি', অন্যটি 'অপভ্রংশ'। 'অপভ্রংশ' কথাটির অর্থ বিকৃত। বাংলা ভাষা ও সাহিত্য অপভ্রংশের কাছে প্রত্যক্ষভাবে ঋণী। অপভ্রংশ ভাষা থেকে বিবর্তনের মধ্য দিয়ে উৎপত্তি লাভ করে আমাদের 'বাংলা ভাষা'।

**বাংলা ভাষার উৎপত্তি এবং স্থিতিকাল সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্যকণিকা:**

| বিষয় | মতামত প্রদানকারী |
|---|---|
| বাংলা ভাষার উৎপত্তি হয়েছে 'মাগধী প্রাকৃত' থেকে এই মত দিয়েছেন | স্যার জর্জ গ্রিয়ারসন (ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় এই মত সমর্থন করেছেন) |
| বাংলা ভাষার উৎপত্তি হয়েছে 'গৌড়ীয় প্রাকৃত' থেকে এই মত দিয়েছেন | ড. মুহম্মদ শহীদুল্লাহ্ |
| বাংলা ভাষার আদিস্তরের স্থিতিকাল হচ্ছে 'দশম থেকে চতুর্দশ শতাব্দী' বলেছেন | ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় |
| বাংলা ভাষার আদিস্তরের স্থিতিকাল হচ্ছে 'সপ্তম থেকে দ্বাদশ শতাব্দী' বলেছেন | ড. মুহম্মদ শহীদুল্লাহ্ |
| ইন্দো-ইউরোপীয় ভাষায় রচিত প্রাচীনতম অন্যতম গ্রন্থের নাম | ঋগ্বেদ (এটি প্রাচীন ভারতীয় বৈদিক সংস্কৃত সংকলন) |

## বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ক গ্রন্থাবলি

| ক্রম | গ্রন্থ | রচয়িতা |
|---|---|---|
| ০১ | বাংলা সাহিত্যের কথা | ড. মুহম্মদ শহীদুল্লাহ্ |
| ০২ | বাংলা সাহিত্যের পুরাবৃত্ত | ওয়াকিল আহমদ |
| ০৩ | বাংলা সাহিত্যের ইতিহাস | সুকুমার সেন |
| ০৪ | বাংলা সাহিত্যের ইতিহাস | কাজী দীন মুহম্মদ |
| ০৫ | বাংলা সাহিত্যের ইতিবৃত্ত | অসিতকুমার বন্দ্যোপাধ্যায় |
| ০৬ | বাংলা সাহিত্যের ইতিবৃত্ত | মুহম্মদ আবদুল হাই ও সৈয়দ আলী আহসান |
| ০৭ | লোকসাহিত্য | আশরাফ সিদ্দিকী |
| ০৮ | বাঙালী ও বাঙলা সাহিত্য | আহমদ শরীফ |
| ০৯ | বঙ্গভাষা ও সাহিত্য | দীনেশচন্দ্র সেন |
| ১০ | ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব | মুহম্মদ আবদুল হাই |
| ১১ | কবিতার কথা | সৈয়দ আলী আহসান |
| ১২ | বাঙালীর ইতিহাস | নীহাররঞ্জন রায় |
| ১৩ | লাল নীল দীপাবলি (বাঙলা সাহিত্যের জীবনী), কত নদী সরোবর (বাঙলা ভাষার জীবনী) | ড. হুমায়ুন আজাদ |

## এক কথায় প্রশ্নোত্তর

১. **বাংলা ভাষার আদিস্তরের স্থিতিকাল কত?**
**উত্তর:** দশম থেকে চতুর্দশ শতক।

২. **কখন মাগধী অপভ্রংশ হতে বাংলা ভাষার উৎপত্তি লাভ করে?**
**উত্তর:** খ্রিষ্টীয় সপ্তম শতকে।

৩. **ড. মুহম্মদ শহীদুল্লাহ্র মতে বাংলা ভাষার উৎপত্তি কবে?**
**উত্তর:** খ্রিষ্টীয় সপ্তম শতক।

৪. **প্রাচীনকালে ভারতের শ্রেষ্ঠ ভাষাবিজ্ঞানী ছিলেন কে?**
**উত্তর:** পাণিনি।

৫. **প্রত্যেক ভাষারই চারটি মৌলিক অংশগুলো কী কী?**
**উত্তর:** ধ্বনি, শব্দ, বাক্য ও অর্থ।

৬. **ভাষাভাষীর দিক থেকে বাংলা ভাষার অবস্থান কত?**
**উত্তর:** ষষ্ঠ।

৭. **বাংলা ভাষা কোন ভাষা গোষ্ঠীর অন্তর্ভুক্ত?**
**উত্তর:** ইন্দো-ইউরোপীয় ভাষা গোষ্ঠীর।

৮. **ইন্দো-ইউরোপীয় মূল ভাষার শাখা কয়টি?**
**উত্তর:** দুইটি।

৯. **শতম শাখা থেকে উদ্ভব হয়েছে কোনটি?**
**উত্তর:** ইন্দো–এশীয় রূপ।

১০. **আর্যদের ধর্মগ্রন্থ কী?**
**উত্তর:** বেদ।

১১. **ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে, বাংলা ভাষার উৎপত্তি কবে?**
**উত্তর:** দশম শতকে।

১২. **পিজিন কী?**
**উত্তর:** মিশ্রভাষারীতির কৃত্রিম ভাষা।

১৩. **স্যার জর্জ গ্রিয়ারসন ও ড. সুনীতিকুমারের মতে, বাংলা ভাষার জন্ম কোন ভাষা থেকে?**
**উত্তর:** মাগধী অপভ্রংশ।

১৪. **ড. মুহম্মদ শহীদুল্লাহ্র মতে, বাংলা ভাষার জন্ম কোন ভাষা থেকে?**
**উত্তর:** গৌড়ীয় অপভ্রংশ।

১৫. **'বাংলা সাহিত্যের ইতিহাস' কে রচনা করেন?**
**উত্তর:** সুকুমার সেন ও কাজী দীন মুহম্মদ (একই নামে দু'জনে দুটি বই রচনা করেন)।

১৬. **বাংলা বাদে বঙ্গকামরূপী ভাষা থেকে সৃষ্ট আরেকটি ভাষার নাম কী?**
**উত্তর:** অসমিয়া।

১৭. **বাংলা ভাষা ও সাহিত্য বিশেষভাবে ঋণী কোন ভাষার কাছে?**
**উত্তর:** অপভ্রংশ।

১৮. **সর্বপ্রথম বাংলা নামের উৎপত্তি উল্লেখ পাওয়া যায় কোন গ্রন্থে?**
**উত্তর:** 'আইন-ই-আকবরী' গ্রন্থে।

১৯. **সর্বস্তরে বাংলা ব্যবহারের জন্য সংসদে আইন পাস হয় কত সালে?**
**উত্তর:** ১৯৮৭ সালে।

২০. **ইন্দো-ইউরোপীয় ভাষাগোষ্ঠী কোন দুটি শাখায় বিভক্ত?**
**উত্তর:** কেন্তুম ও শতম।

২১. **ভাষার কোন রূপ থেকে বাংলা এসেছে?**
**উত্তর:** প্রাকৃত (মাগধী প্রাকৃত)।

২২. **আধুনিক পণ্ডিতদের মতে, প্রাচীন বাংলা ভাষার উদ্ভব কোন ভাষা থেকে?**
**উত্তর:** ভারতীয় গৌড়ী ভাষা থেকে।

২৩. **আর্যদের ভাষার নাম কী?**
**উত্তর:** প্রাচীন বৈদিক ভাষা।

২৪. **বাংলার আদি অধিবাসীদের ভাষার নাম কী ছিল?**
**উত্তর:** প্রাচীন বৈদিক ভাষা

## Teacher's Work

১. **বাংলা ভাষার উৎস কী?** *[১৭তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০২২]*
ⓚ হিন্দি ভাষা ⓚ বৈদিক ভাষা ⓖ উড়িয়া ⓖ অনার্য ভাষা

২. **প্রত্যেক ভাষারই কয়টি মৌলিক অংশ থাকে?** *[বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর) – ২০২৪]*
ক) ৩টি খ) ৫টি গ) ৭টি ঘ) ৪টি

৩. **'ভাষা চিন্তার শুধু বাহনই নয়, চিন্তার প্রসূতিও।'– মন্তব্যটি কোন ভাষা-চিন্তকের?** *[৪৫তম বিসিএস]*
ক) সুনীতিকুমার চট্টোপাধ্যায় খ) মুহম্মদ শহীদুল্লাহ্ গ) মুহম্মদ এনামুল হক ঘ) সুকুমার সেন

৪. **ভাষার ক্ষুদ্রতম একক কোনটি?** *[সাধারণ বীমা কর্পোরেশন, উচ্চমান সহকারী-'২৩]*
ক) বর্ণ খ) শব্দ গ) অক্ষর ঘ) ধ্বনি

# বাংলা লিপি

➢ ব্রাহ্মী লিপি ভারতের মৌলিক লিপি। সকল ভারতীয় লিপিই এই ব্রাহ্মী লিপি থেকে জন্মলাভ করেছে। ব্রাহ্মী লিপির কুটিল রূপ হতে বাংলা লিপি ও বর্ণমালার উদ্ভব হয়। ব্রাহ্মী লিপিমালা বাম দিক থেকে লেখা হতো কিন্তু খরোষ্ঠী লিপিমালা ডানদিক থেকে লেখা হতো।

➢ সেন বংশের শাসনামলে বাংলা লিপির স্থায়ী রূপ তৈরি করে অক্ষর গঠনের কাজ শুরু হয়। পরবর্তী দুইশত বছর ধরে অক্ষর গঠনের ধারাবাহিকতা রক্ষিত হলেও পনের শতকে এসে (পাঠান আমলে) তা মোটামুটি স্থায়ী রূপ লাভ করে।

➢ ১৭৭৮ সালে চার্লস উইলকিন্স হুগলিতে প্রথম বাংলা ছাপাখানা প্রতিষ্ঠা করেন। ১৮০০ খ্রিষ্টাব্দে ডেনমার্কের শাসনাধীন শ্রীরামপুর মিশনে উইলিয়াম ওয়ার্ড ও জোশুয়া ম্যার্শম্যানের সহায়তায় উইলিয়াম কেরি মুদ্রণযন্ত্র স্থাপন করেন। চার্লস উইলকিন্সকে বাংলা মুদ্রাক্ষরের জনক বলা হয়। তাঁর নির্দেশনায় পঞ্চানন কর্মকার বাংলা অক্ষর খোদাই করেন।

➢ বাংলাদেশের রংপুরে ১৮৪৭ সালে 'বার্তাবহ যন্ত্র' নামে ছাপাখানা প্রতিষ্ঠিত হয়। এটি বাংলাদেশের প্রথম ছাপাখানা।

➢ ঢাকায় 'বাংলা প্রেস' নামে প্রথম ছাপাখানা প্রতিষ্ঠিত হয় ১৮৬০ সালে। এ সময় এ প্রেস হতে ১৮৬০ সালে দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' মুদ্রিত হয়।

## এক কথায় প্রশ্নোত্তর

১. **শ্রীরামপুর মিশন প্রেস স্থাপিত হয় কখন?**
উত্তর: ১৮০০ খ্রিষ্টাব্দে।

২. **বাংলা অক্ষর খোদাই করেন কে?**
উত্তর: পঞ্চানন কর্মকার।

৩. **বাংলা মুদ্রাক্ষরের জনক বলা হয় কাকে?**
উত্তর: চার্লস উইলকিন্সকে।

৪. **কোন শাসনামলে বাংলা লিপি স্থায়ীরূপ লাভ করে?**
উত্তর: পাঠান আমলে।

৫. **বাংলা লিপি গঠনের কাজ শুরু হয় কোন শাসনামলে?**
উত্তর: সেন আমলে।

৬. **ভারতীয় চিত্রলিপির দুটি প্রাচীন রূপ কী কী?**
উত্তর: ব্রাহ্মী ও খরোষ্ঠী।

৭. **কোন শাসনামলে বাংলা লিপির প্রাধান্য পরিলক্ষিত হয়?**
উত্তর: পাল আমলে।

৮. **ভারতের পূর্বাঞ্চলের প্রচলিত রূপ কী?**
উত্তর: কুটিল।

৯. **বাংলা লিপির উৎপত্তি কোন রূপ থেকে?**
উত্তর: পূর্বী লিপি (ব্রাহ্মী লিপির কুটিল রূপ পূর্বীলিপি থেকে)।

১০. **ভারতীয় লিপির উৎপত্তি কোথা থেকে?**
উত্তর: প্রাচীন ভারতের প্রচলিত চিত্রলিপি থেকে।

১১. **পৃথিবীর প্রায় সকল লিপি কোন লিপি থেকে উদ্ভব হয়েছে?**
উত্তর: ফিনিশিয় লিপি।

১২. **ব্রাহ্মী লিপি কোন দিক থেকে লেখা হয়?**
উত্তর: বাম দিক।

১৩. **ডানদিক থেকে লেখা হয় কোন লিপি?**
উত্তর: খরোষ্ঠী লিপি।

১৪. **উপমহাদেশে প্রথম ছাপাখানা কোন সালে স্থাপিত হয়েছিল?**
উত্তর: ১৪৯৮ খ্রিষ্টাব্দে (পর্তুগিজরা এটি গোয়ায় প্রতিষ্ঠা করে)।

## Teacher's Work

১. **বাংলা বর্ণমালার উৎস কী?** [১৬তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৯]
ⓚ তিব্বতি লিপি ⓚ ব্রাহ্মী লিপি ⓖ খরোষ্ঠী লিপি ⓖ দেবনাগরি লিপি

২. **বাংলা লিপির উদ্ভব ব্রাহ্মী লিপির কোন শাখা থেকে?** [পূবালী ব্যাংক লি. প্রবেশনারি অফিসার-'২৩]
ক) ব্রাহ্মী লিপি খ) পূর্বী লিপি গ) পশ্চিমা লিপি ঘ) মধ্যভারতীয় লিপি

৩. **বাংলা ভাষার নিজস্ব লিপি কোনটি?** [বা. প.উ.বো. (সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা)'২৩]
ক) ব্রাহ্মী খ) মণিপুরি গ) বাংলা ঘ) কুটিল

# বাংলা ব্যাকরণ ও ব্যাকরণের আলোচ্য বিষয়

**ব্যাকরণ:** গ্রিক শব্দ 'Grammar' (ব্যাকরণ) এর অর্থ হলো- শব্দশাস্ত্র। 'ব্যাকরণ' (বি + আ + √কৃ + অন) শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ- বিশেষভাবে বিশ্লেষণ। ড. মুহম্মদ শহীদুল্লাহ্'র মতে, "যে শাস্ত্র জানিলে বাঙ্গালা ভাষা শুদ্ধরূপে লিখিতে, পড়িতে ও বলিতে পারা যায়, তাহার নাম বাঙ্গালা ব্যাকরণ।" ভাষার অভ্যন্তরীণ শৃঙ্খলা আবিষ্কার করাই ব্যাকরণের প্রধান কাজ। ব্যাকরণকে ভাষার সংবিধান বলা হয়।

**অষ্টাধ্যায়ী:** উপমহাদেশের শ্রেষ্ঠ ব্যাকরণবিদ পাণিনি। খ্রিষ্টপূর্ব আনুমানিক পঞ্চম শতকে তিনি সংস্কৃত ব্যাকরণ 'অষ্টাধ্যায়ী' গ্রন্থখানি রচনা করেন।

**Vocabulario Em Idioma Bengalla E Portuguez Dividido Em Duas Partes:** প্রথম বাংলা ব্যাকরণ। পর্তুগিজ ধর্মযাজক মনোএল দ্যা আ্যাসসুম্পসাঁও রচিত গ্রন্থটি পর্তুগালের রাজধানী লিসবন থেকে ১৭৪৩ খ্রিষ্টাব্দে রোমান হরফে মুদ্রিত হয়।

**A Grammar of the Bengal Language:** নাথানিয়েল ব্রাসি হ্যালহেড ১৭৭৮ খ্রিষ্টাব্দে ইংরেজি ভাষায় বাংলা ব্যাকরণ রচনা করেছিলেন। এটি বাংলা ভাষার প্রথম আদর্শ ব্যাকরণ।

**গৌড়ীয় ব্যাকরণ (১৮৩৩ খ্রি.):** বাংলা ভাষায় রচিত প্রথম বাংলা ব্যাকরণ গ্রন্থ। রাজা রামমোহন রায় এটি রচনা করেন। এটি কোনো বাঙালি দ্বারা রীতি প্রথম ব্যাকরণ গ্রন্থ।

| ব্যাকরণ গ্রন্থ | রচয়িতা |
|---|---|
| ব্যাকরণ কৌমুদী (১৮৫৩ খ্রি.) | ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর |
| বাংলা ভাষার ইতিবৃত্ত | ড. মুহম্মদ শহীদুল্লাহ্ |
| The Origin and Development of the Bengali language (ODBL) (১৯২৬ খ্রি.) | ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় |
| ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব | মুহম্মদ আবদুল হাই |
| ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ | ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় |
| বাঙ্গালা ব্যাকরণ | ড. মুহম্মদ শহীদুল্লাহ্ |
| প্রমিত ভাষার বাংলা ব্যাকরণ | অধ্যাপক রফিকুল ইসলাম এবং অধ্যাপক পবিত্র সরকার |

প্রত্যেক ভাষারই চারটি মৌলিক অংশ থাকে। যথা– ধ্বনি (Sound), শব্দ (Word), বাক্য (Sentence), এবং অর্থ (Meaning)।

(ক) **ধ্বনিতত্ত্ব (Phonology):** এ অংশে ধ্বনি, ধ্বনির উচ্চারণ, ধ্বনির বিন্যাস, ধ্বনির পরিবর্তন, বর্ণ, সন্ধি বা ধ্বনি সংযোগ, ণ-ত্ব বিধান, ষ-ত্ব বিধান প্রভৃতি ধ্বনি- সম্বন্ধীয় ব্যাকরণের বিষয়গুলো আলোচিত হয়।

(খ) **শব্দ বা রূপতত্ত্ব (Morphology):** শব্দ, শব্দের প্রকার, শব্দ গঠন, শব্দরূপ, শব্দের ব্যুৎপত্তি, পদের পরিচয়, উপসর্গ, প্রত্যয়, পদাশ্রিত নির্দেশক, দ্বিরুক্ত শব্দ, বিভক্তি, লিঙ্গ, বচন, ধাতু, সমাস, ক্রিয়া-প্রকরণ, ক্রিয়ার কাল, অনুজ্ঞা, ক্রিয়ার ভাব, অনুসর্গ ইত্যাদি বিষয় রূপতত্ত্বে আলোচিত হয়ে থাকে।

(গ) **বাক্যতত্ত্ব বা পদক্রম (Syntax):** বাক্য, বাক্যের অংশ, বাক্যের প্রকার, বাক্য বিশ্লেষণ, বাক্য পরিবর্তন, পদক্রম, পদ পরিবর্তন, বাক্য সংকোচন, বাক্য-সংযোজন, বাক্য বিয়োজন, যতিচিহ্ন বা বিরামচিহ্ন প্রভৃতি বিষয় বাক্যতত্ত্বে আলোচিত হয়।

(ঘ) **অর্থতত্ত্ব (Semantics):** শব্দের অর্থবিচার, বাক্যের অর্থবিচার, অর্থের বিভিন্ন প্রকারভেদ। যেমন- মুখ্যার্থ, গৌণার্থ, বিপরীতার্থ, পারিভাষিক শব্দ, সমোচ্চারিত শব্দ, সমার্থক শব্দ, বিপরীতার্থক শব্দ, অনুবাদ, প্রবাদ-প্রবচন, বাগ্‌ধারা ইত্যাদি অর্থতত্ত্বে আলোচিত হয়।

(ঙ) **ছন্দ-প্রকরণ:** এ তত্ত্বে ছন্দের প্রকার ও নিয়মসমূহ আলোচিত হয়।

(চ) **অলংকার প্রকরণ:** এ তত্ত্বে অলংকারের সংজ্ঞা ও প্রকার ইত্যাদি আলোচিত হয়।

এছাড়াও অভিধান-তত্ত্ব (Lexicography) ব্যাকরণের আলোচ্য বিষয়।

## এক কথায় প্রশ্নোত্তর

১. **ব্যাকরণের কাজ কী?**
উত্তর: ভাষার অভ্যন্তরীণ শৃঙ্খলা রক্ষা করা।

২. **'কারক' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?**
উত্তর: বাক্যতত্ত্ব বা পদক্রমে।

৩. **'ব্যাকরণ' শব্দটির বিশ্লেষণ কী হবে?**
উত্তর: বি + আ + √কৃ + অন।

৪. **ব্যাকরণ চর্চার আদিভূমি হিসেবে ধরা হয় কোনটি কে?**
উত্তর: গ্রিসকে।

৫. **কোন ভাষা থেকে ব্যাকরণ শব্দটি এসেছে?**
উত্তর: সংস্কৃত।

৬. **"যে শাস্ত্র জানিলে বাঙ্গালা ভাষা শুদ্ধরূপে লিখিতে, পড়িতে ও বলিতে পারা যায়, তাহার নাম বাঙ্গালা ব্যাকরণ"- এ উক্তিটি কে করেন?**
উত্তর: ড. মুহম্মদ শহীদুল্লাহ্।

৭. **পাণিনি রচিত ব্যাকরণ গ্রন্থের নাম কী?**
উত্তর: অষ্টাধ্যায়ী।

৮. **প্রথম বাংলা ব্যাকরণ কে রচনা করেন?**
উত্তর: মনোএল দা আস্‌সুম্পসাঁও (পর্তুগিজ ভাষায় ১৭৪৩)।

৯. **বাঙালি রচিত বাংলা ভাষার পূর্ণাঙ্গ ব্যাকরণ গ্রন্থের নাম কী?**
উত্তর: 'গৌড়ীয় ব্যাকরণ' (১৮৩৩)।

১০. **বাংলা ব্যাকরণ রচনার পথিকৃৎ বলা হয় কাকে?**
উত্তর: ব্রাসি হ্যালহেডকে।

১১. **ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত ব্যাকরণ কোনটি?**
উত্তর: ব্যাকরণ কৌমুদী (১৮৫৩)।

১২. **'ব্যাকরণ মঞ্জুরী' -কে রচনা করেন?**
উত্তর: ড. মুহম্মদ এনামুল হক।

১৩. **'বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান'- কে রচনা করেন?**
উত্তর: ড. মুহম্মদ শহীদুল্লাহ্।

১৪. **'প্রমিত ভাষার বাংলা ব্যাকরণ' রচনা করেন কে বা কারা?**
উত্তর: রফিকুল ইসলাম ও পবিত্র সরকার।

১৫. **বাংলা ব্যাকরণে আলোচ্য বিষয় কয়টি?**
উত্তর: ৪টি।

১৬. **'সন্ধি' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?**
উত্তর: ধ্বনিতত্ত্বে।

১৭. **'বচন' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?**
উত্তর: শব্দ বা রূপতত্ত্বে।

১৮. **'অনুবাদ' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?**
উত্তর: অর্থতত্ত্বে।

১৯. **অভিধান-তত্ত্বের পরিভাষা কী?**
উত্তর: Lexicography।

## Teacher's Work

১. **প্রথম বাংলা ভাষার ব্যাকরণ কে লেখেন?** [১৪তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৭]
ⓚ রামমোহন রায়　ⓔ নাথানিয়েল ব্রাসি হ্যালহেড　ⓖ উইলিয়াম কেরী　ⓘ সুনীতিকুমার চট্টোপাধ্যায়
*নোট: প্রশ্নে সঠিক উত্তর নেই। প্রথম বাঙলা ভাষার ব্যাকরণ লেখেন মনোএল দা আসুম্পসাঁও। তবে এদের মধ্যে নাথানিয়েল ব্রাসি হ্যালহেড।*

২. **ব্যুৎপত্তিগতভাবে ব্যাকরণ শব্দের অর্থ হলো-**[১৭তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল-২)-২০২২]
ⓚ সংক্ষেপণ　ⓔ ভাবের বিনিময়　ⓖ বিশেষভাবে বিশ্লেষণ　ⓘ মিলন

৩. **ব্যাকরণ শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?** [১০ম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৪]
ⓚ নব্য ভারতীয় আর্যভাষা　ⓔ ফারসি　ⓖ সংস্কৃত　ⓘ অসমিয়া

৪. **রাজা রামমোহন রায় রচিত ব্যাকরণের নাম কী?** [২৭তম বিসিএস]
ⓚ গৌড়ীয় ব্যাকরণ　ⓔ সুনীতিকুমার চট্টোপাধ্যায়　ⓖ ভাষা ও ব্যাকরণ　ⓘ বাংলা ভাষার ব্যাকরণ

# ধ্বনি ও বর্ণ

## ধ্বনি

১. ভাষার ক্ষুদ্রতম একককে ধ্বনি বলে। ভাষার মূল উপাদান ধ্বনি। ধ্বনি শব্দের একক।
২. কোনো ভাষার বাক্ প্রবাহকে সূক্ষ্মভাবে বিশ্লেষণ করলে আমরা কতগুলো মৌলিক ধ্বনি পাই।
৩. মানুষের বাক্প্রত্যঙ্গ অর্থাৎ কণ্ঠনালি, মুখবিবর, জিহ্বা, আলজিভ, কোমলতালু, ঠোঁট ইত্যাদির সাহায্যে উচ্চারিত আওয়াজকে 'ধ্বনি' বলে।
৪. বাংলা ভাষায় ৩৭টি মৌলিক ধ্বনি রয়েছে।

## বর্ণ

১. ধ্বনি নির্দেশক চিহ্নকে বলা হয় বর্ণ। বর্ণের সাহায্যে মুখ নিঃসৃত ধ্বনিকে লিখে প্রকাশ করা হয়।
২. শব্দের গঠনগত একক বর্ণ।
৩. একটি ধ্বনিতে একটি প্রতীক বা বর্ণ থাকে।
৪. 'ধ্বনি দিয়ে আঁট বাঁধা শব্দই ভাষার ইট।'- এখানে ইট হচ্ছে বর্ণ।

## অক্ষর

১. এক প্রয়াসে উচ্চারিত ধ্বনিসমষ্টির নাম অক্ষর (Syllable)। কোনো শব্দে যে ধ্বনিসমষ্টি একই সময়ে একত্রে উচ্চারিত হয়, তাকে অক্ষর বলে। অক্ষর শব্দের অংশ।
যেমন: 'বন্ধন' শব্দের বন্ + ধন্- এ দুটো অক্ষর। কিন্তু ব্ - ন্ - ধ্ - ন্- এগুলো অক্ষর নয়; এগুলো বর্ণ বা হরফ।
২. অক্ষর উচ্চারণের কাল পরিমাণকে মাত্রা বলে।

## বাংলা বর্ণমালা

১. বাংলা বর্ণমালায় মোট পঞ্চাশটি (৫০টি) বর্ণ রয়েছে। তার মধ্যে স্বরবর্ণ এগারোটি (১১টি) এবং ব্যঞ্জনবর্ণ উনচল্লিশটি (৩৯টি)।
২. আধুনিক বাংলা ভাষায় মোট ৪৫টি বর্ণের পূর্ণরূপ ব্যবহৃত হয়।

| প্রকার | বর্গ | বর্ণ | | মোট |
|---|---|---|---|---|
| স্বরবর্ণ | অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ | | | ১১টি |
| ব্যঞ্জনবর্ণ | ক-বর্গ | ক খ গ ঘ ঙ | ৫টি | ৩৯টি |
| | চ-বর্গ | চ ছ জ ঝ ঞ | ৫টি | |
| | ট-বর্গ | ট ঠ ড ঢ ণ | ৫টি | |
| | ত-বর্গ | ত থ দ ধ ন | ৫টি | |
| | প-বর্গ | প ফ ব ভ ম | ৫টি | |
| | | য র ল | ৩টি | |
| | | শ ষ স হ | ৪টি | |
| | | য় ড় ঢ় ৎ | ৪টি | |
| | | ং ঃ ঁ | ৩টি | |
| সর্বমোট বর্ণ | | | | ৫০টি |

* 'ঞ' ধ্বনির শুদ্ধ উচ্চারণ- ইঁয়ো/ইঁঅ এবং 'ঙ' ধ্বনি শুদ্ধ উচ্চারণ- উয়ো/উঁয়ো/উঁঅ।

## বর্ণের মাত্রা

১. বর্ণের ওপরের রেখাকে বর্ণের মাত্রা বলে।
২. মাত্রার উপর ভিত্তি করে বাংলা বর্ণসমূহকে তিনভাগে ভাগ করা যায়।

| বর্ণ | মোট | বর্ণ | সংখ্যা |
|---|---|---|---|
| মাত্রাহীন | ১০টি | স্বরবর্ণ | ৪টি (এ, ঐ, ও, ঔ) |
| | | ব্যঞ্জনবর্ণ | ৬টি (ঙ, ঞ, ৎ, ং ঃ, ঁ) |
| অর্ধমাত্রা | ৮টি | স্বরবর্ণ | ১টি (ঋ) |
| | | ব্যঞ্জনবর্ণ | ৭টি (খ, গ, ণ, থ, ধ, প, শ) |
| পূর্ণমাত্রা | ৩২টি | স্বরবর্ণ | ৬টি (অ, আ, ই, ঈ, উ, ঊ) |
| | | ব্যঞ্জনবর্ণ | ২৬টি |

## এক কথায় প্রশ্নোত্তর

১. **ধ্বনি নির্দেশক চিহ্নকে কী বলে?**
উত্তর: বর্ণ।
২. **ভাষার মূল উপাদান কী?**
উত্তর: ধ্বনি।
৩. **ভাষার ক্ষুদ্রতম একক কী?**
উত্তর: ধ্বনি।
৪. **'অক্ষর' কী?**
উত্তর: এক প্রয়াসে উচ্চরিত ধ্বনিসমষ্টির নাম অক্ষর (Syllable)।
৫. **অক্ষর উচ্চারণের কাল পরিমাণকে কী বলে?**
উত্তর: মাত্রা।
৬. **কোন ভাষার বাক্ প্রবাহকে সূক্ষ্মভাবে বিশ্লেষণ করলে কী পাই?**
উত্তর: মৌলিক ধ্বনি।
৭. **বাংলা ভাষায় মৌলিক ধ্বনি কয়টি?**
উত্তর: ৩৭টি।
৮. **বাংলা ভাষায় ব্যবহৃত ধ্বনির সংখ্যা কত?**
উত্তর: ৪১টি।
৯. **এক প্রয়াসে উচ্চারিত ধ্বনিসমষ্টির নাম কী?**
উত্তর: অক্ষর।
১০. **বাংলা বর্ণমালায় মৌলিক স্বরধ্বনি কয়টি?**
উত্তর: ৭টি।

## Teacher's Work

১. **বাংলা বর্ণমালায় পূর্ণমাত্রা, অর্ধমাত্রা ও মাত্রাহীন বর্ণের সংখ্যা যথাক্রমে-** [১৫তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৯]
ক ৩২,৮,১০ খ ৩২,৭,১১ গ ৩০,৮,১২ ঘ ৩২,৭,৯
২. **'ধ্বনি' সম্পর্কে নিচের কোন বাক্যটি সঠিক নয়?** [৪৫তম বিসিএস]
ক ধ্বনি দৃশ্যমান
খ মানুষের ভাষার মূলে আছে কতগুলো ধ্বনি
গ ধ্বনি উচ্চারণীয় ও শ্রবণীয়
ঘ অর্থবোধক ধ্বনিগুলোই মানুষের বিভিন্ন ভাষার বাগ্ধ্বনি

## ধ্বনির শ্রেণিবিভাগ

**বাংলা ভাষায় ৩৭টি মৌলিক ধ্বনি রয়েছে।** বাংলা ভাষার মৌলিক ধ্বনিগুলোকে প্রধানত দুই ভাগে ভাগ করা হয়।
যথা: ১. স্বরধ্বনি, ২. ব্যঞ্জনধ্বনি।
**মৌলিক স্বরধ্বনি ৭টি। যথা-** [অ], [আ], [অ্যা], [ই], [উ], [এ], [ও]।
**মৌলিক ব্যঞ্জনধ্বনি ৩০টি। যথা-** ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ট, ঠ, ড, ঢ, ত, থ, দ, ধ, ন, প, ফ, ব, ভ, ম, র, ল, শ, স, হ, ড়, ঢ়।

### স্বরধ্বনি

যে সকল ধ্বনি উচ্চারণের সময় ফুসফুস তাড়িত বাতাস বেরিয়ে যেতে মুখবিবরের কোথাও কোনো বাধা পায় না, তাদেরকে বলা হয় স্বরধ্বনি (Vowel sound)। যেমন: অ, আ, ই, উ ইত্যাদি। বাংলা ভাষায় স্বরধ্বনি এগারোটি (১১টি)।

**স্বরধ্বনির প্রকারভেদ:**

- উচ্চারণকালে সময়ের স্বল্পতা ও দৈর্ঘ্য অনুসারে স্বরধ্বনিকে দুই ভাগ করা হয়। যথা:
  ১. **হ্রস্ব স্বর:** অ, ই, উ, ঋ (৪টি)
  ২. **দীর্ঘ স্বর:** আ, ঈ, ঊ, এ, ঐ, ও, ঔ (৭টি)।
- উচ্চারণের সময়ে মুখের ভিতরে জিভের অবস্থান বিবেচনা করে স্বরধ্বনিকে আবার তিনভাগে ভাগ করা হয়। যথা: মৌলিক স্বরধ্বনি, যৌগিক স্বরধ্বনি ও অর্ধস্বরধ্বনি।
- **মৌলিক স্বরধ্বনি:** যে স্বরধ্বনিকে বিশ্লেষণ করা যায় না তা-ই মৌলিক স্বরধ্বনি। বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি ৭টি। যথা: অ, আ, ই, উ, এ, অ্যা এবং ও। **ধ্বনিতত্ত্ববিদ মুহম্মদ আবদুল হাই বাংলা মূল স্বরধ্বনির তালিকায় নতুন 'অ্যা' ধ্বনি প্রতিষ্ঠা করেন।**
- **যৌগিক স্বরধ্বনি:** একই সঙ্গে উচ্চারিত দুইটি মিলিত স্বরধ্বনিকে যৌগিক স্বর বলে। **বাংলা ভাষায় যৌগিক স্বরধ্বনি মোট ২৫ টি।**
- **অর্ধস্বরধ্বনি (Semi Vowel):** যেসব স্বরধ্বনি পুরোপুরি উচ্চারিত হয় না, সেগুলোকে অর্ধস্বরধ্বনি বলে। **চার্লস ফার্গুসন ও মুনীর চৌধুরী বাংলায় চারটি অর্ধস্বরধ্বনির উল্লেখ করেছেন।** যথা: ই, এ (য়), ও এবং উ।
  **বাংলা ভাষায় অর্ধস্বরধ্বনি চারটি:** [ই়], [উ়], [এ়] এবং [ও়]।
- **অনুনাসিক স্বরধ্বনি:**
  অনুনাসিক স্বরধ্বনি: [ইঁ], [এঁ], [অ্যাঁ], [আঁ], [অঁ], [ওঁ], [উঁ]
- **নিলীন বা লীন বর্ণ:** 'অ' একটি লীন বর্ণ।
- **বাংলা বর্ণমালায় দুটি দ্বিস্বরধ্বনির জন্য আলাদা বর্ণ নির্ধারিত আছে, যথা: ঐ (ও + ই়) এবং ঔ (ও + উ়)।**

⇒ **বাংলা স্বরধ্বনিগুলোর উচ্চারণ নিচের ছকে দেখানো হলো:**
**মৌলিক স্বরধ্বনির উচ্চারণ:**

| জিভের উচ্চতা | জিভের অবস্থান | | | ঠোঁটের উন্মুক্তি |
|---|---|---|---|---|
| | সম্মুখ | মধ্য | পশ্চাৎ | |
| উচ্চ | ই | | উ | সংবৃত |
| উচ্চ-মধ্য | এ | | ও | অর্ধ-সংবৃত |
| নিম্ন-মধ্য | অ্যা | | অ | অর্ধ-বিবৃত |
| নিম্ন | | আ | | বিবৃত |

## এক কথায় প্রশ্নোত্তর

১. **বাংলা ব্যঞ্জনবর্ণ কয়টি?**
**উত্তর:** ৩৯টি।
২. **বাংলা বর্ণমালায় স্বরবর্ণ কয়টি?**
**উত্তর:** ১১টি।
৩. **বাংলা ভাষায় মৌলিক ব্যঞ্জনধ্বনির সংখ্যা কত?**
**উত্তর:** ৩০টি।
৪. **'ম' বর্ণ উচ্চারিত হয় কোন স্থান থেকে?**
**উত্তর:** ওষ্ঠ্য থেকে।
৫. **'ঔ' কোন ধরনের স্বরধ্বনি?**
**উত্তর:** যৌগিক স্বরধ্বনি।
৬. **জিভের উচ্চতা অনুযায়ী নিম্ন-মধ্য স্বরধ্বনি কোনগুলো?**
**উত্তর:** অ্যা, অ।
৭. **বাংলা ব্যঞ্জনবর্ণে নাসিক্য ধ্বনি কয়টি?**
**উত্তর:** পাঁচটি।
৮. **স্বরধ্বনির মধ্যে কোন দুটি মূল স্বরধ্বনি নয়?**
**উত্তর:** ঐ, ঔ।

## Teacher's Work

১. **কোনটি মৌলিক স্বরধ্বনি?** *[১৩তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৬]*
ⓚ ঔ ⓚ ঈ ⓖ ঐ ⓖ এ

২. **উচ্চারণের রীতি অনুযায়ী নিচের কোনটি উচ্চমধ্য-সম্মুখ স্বরধ্বনি?** *[৪৫তম বিসিএস]*
ⓚ অ ⓚ আ ⓖ ও ⓖ এ

৩. **বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি কয়টি?** *[হোম ইকোনমিস্ট (নিপোর্ট পদের পরীক্ষা)-২০২৪, EBEK-জেলা সমন্বয়কারী: ১৭]*
ⓚ ৭টি ⓚ ৮টি ⓖ ৯টি ⓖ ১০টি

৪. **সংস্কৃত প্রয়োগ অনুসারে বাংলা বর্ণমালায় 'ঋ' কোন বর্ণের মধ্যে রক্ষিত-** *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (ইন্সপেক্টর/সিনিয়র অফিসার/নিরাপত্তা কর্মকর্তা-২৪]*
ⓚ উষ্ম বর্ণ ⓚ স্বরবর্ণ ⓖ ব্যঞ্জন বর্ণ ⓖ ঘোষ বর্ণ

## ব্যঞ্জনধ্বনি

যে সকল ধ্বনি স্বরধ্বনির সাহায্য ছাড়া স্পষ্টরূপে উচ্চারিত হতে পারে না তাদেরকে বলা হয় ব্যঞ্জনধ্বনি। বাংলা ব্যঞ্জনবর্ণ ৩৯টি।

**ব্যঞ্জনধ্বনির প্রকারভেদ:**

- **স্পৃষ্ট ব্যঞ্জনধ্বনি বা স্পর্শধ্বনি বা বর্গীয় ধ্বনি:** ক থেকে ম পর্যন্ত ২৫টি ব্যঞ্জনকে স্পর্শ ব্যঞ্জন বা স্পৃষ্ট ব্যঞ্জনধ্বনি বা বর্গীয় ধ্বনি বলে।
- **উষ্ম ধ্বনি:** **শ, ষ, স, হ- এ চারটি বর্ণে দ্যোতিত ধ্বনি উচ্চারণের সময় আমরা শ্বাস যতক্ষণ খুশি রাখতে পারি।** এগুলোকে বলা হয় উষ্ম ধ্বনি। এ বর্ণগুলোকে বলা হয় উষ্ম বর্ণ। উষ্ম ধ্বনি ৪টি (শ, স, ষ, হ)।
- **শিষ ধ্বনি:** **উষ্ম ধ্বনির মধ্যে স ও শ-কে আলাদাভাবে শিষ ধ্বনিও বলা হয়।** কারণ স, শ উচ্চারণে শ্বাস অনেকক্ষণ ধরে রাখা যায় এবং শিষের মতো আওয়াজ হয়।
- **অনুনাসিক বা নাসিক্য ধ্বনি:** বাংলা ব্যঞ্জনবর্ণের প্রতিবর্গের পঞ্চম বর্ণকে (৫টি: ঙ, ঞ, ণ, ন, ম) বলা হয় অনুনাসিক বা নাসিক্য ধ্বনি। এগুলোর প্রতীক বা বর্ণকে বলা হয় অনুনাসিক বা নাসিক্য বর্ণ।
- **পরাশ্রয়ী ধ্বনি:** ং, ঃ, ঁ-এ তিনটি বর্ণ স্বাধীনভাবে স্বতন্ত্র বর্ণ হিসেবে ভাষায় ব্যবহৃত হয় না। তাই এ বর্ণগুলোকে বলা হয় পরাশ্রয়ী বর্ণ।
- **তাড়নজাত/তাড়িত ধ্বনি:** ড়, ঢ়। জিহ্বার উল্টো পিঠের দ্বারা দন্তমূলে দ্রুত আঘাত বা তাড়না করে উচ্চারিত হয় বলে এদেরকে তাড়নজাত ধ্বনি বলে।
- **পার্শ্বিক ধ্বনি:** ল বর্ণ উচ্চারণে দু পাশ দিয়ে বায়ু নিঃসৃত হয় বলে এ ধ্বনিকে পার্শ্বিক ধ্বনি বলে।
- **কম্পনজাত/কম্পিত ধ্বনি:** র বর্ণ উচ্চারণে জিহ্বাগ্রকে কম্পিত করা হয় বলে এ ধ্বনিকে কম্পনজাত ধ্বনি বলে (তরল ধ্বনি নামেও পরিচিত)।
- **ঘর্ষণজাত ধ্বনি:** যে ধ্বনি উচ্চারণের সময় জিহ্বার অগ্রভাগ চ্যাপ্টা হয়ে তালুতে ঘষে যায় তাকে ঘৃষ্ট বা ঘর্ষণজাত ধ্বনি বলে। চ, ছ, জ, ঝ- এই ৪টি ধ্বনি হলো ঘর্ষণজাত ধ্বনি।
- **অন্তঃস্থ ধ্বনি:** য ও ব্ এ দুটো বর্ণে দ্যোতিত ধ্বনির উচ্চারণ স্থান স্পর্শ ও উষ্মধ্বনির মাঝামাঝি। এজন্য এদের বলা হয় অন্তঃস্থ ধ্বনি।
- **ঃ (বিসর্গ):** ঃ (বিসর্গ) হলো অঘোষ 'হ'-এর উচ্চারণে প্রাপ্ত ধ্বনি। কোনো শব্দের মাঝে বিসর্গ (ঃ) থাকলে তার পরবর্তী ব্যঞ্জনের ধ্বনি দ্বিত্ব হয় (অতঃপর/অতোপ্‌পর্, দুঃখ/দুক্‌খো)।
- **খণ্ড-ত (ৎ):** খণ্ড-ত (ৎ)-কে স্বতন্ত্র বর্ণ হিসেবে ধরা হয় না। এটি 'ত' বর্ণের হস্-চিহ্ন যুক্ত ত্-এর রূপভেদ মাত্র।
- বাংলা বর্ণমালায় চন্দ্রবিন্দু অনুনাসিক স্বরধ্বনির চিহ্ন।

**অল্পপ্রাণ ও মহাপ্রাণ এবং ঘোষ ও অঘোষ ধ্বনি:**

স্পর্শধ্বনি বা বর্গীয় ধ্বনিগুলোকে উচ্চারণরীতির দিক থেকে অল্পপ্রাণ ও মহাপ্রাণ, অঘোষ ও ঘোষ প্রভৃতি ভাগে ভাগ করা হয়।

- **অল্পপ্রাণ ধ্বনি:** কোনো কোনো ধ্বনি উচ্চারণের সময় নিঃশ্বাস জোরে সংযোজিত হয় না। এরূপ ধ্বনিকে বলা হয় অল্পপ্রাণ ধ্বনি (Unaspirated)।
- **মহাপ্রাণ ধ্বনি:** কোনো কোনো ধ্বনি উচ্চারণের সময় নিঃশ্বাস জোরে সংযোজিত হয়। এরূপ ধ্বনিকে বলা হয় মহাপ্রাণ ধ্বনি (Aspirated)।
- **অঘোষ ধ্বনি:** কোনো কোনো ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয় না। তখন ধ্বনিটির উচ্চারণ গাম্ভীর্যহীন ও মৃদু হয়। এরূপ ধ্বনিকে বলা হয় অঘোষ ধ্বনি (Unvoiced)।
- **ঘোষ ধ্বনি:** ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হলে ঘোষ ধ্বনি (Voiced) হয়।

**অল্পপ্রাণ মহাপ্রাণ এবং অঘোষ ও ঘোষ স্পর্শ ব্যঞ্জন ও নাসিক্য ব্যঞ্জনগুলোকে নিচের ছকে দেখানো হলো-**

| উচ্চারণ স্থান | অঘোষ (Voiceless) | | ঘোষ (Voiced) | | |
|---|---|---|---|---|---|
| | অল্পপ্রাণ | মহাপ্রাণ | অল্পপ্রাণ | মহাপ্রাণ | নাসিক্য |
| কণ্ঠ | ক | খ | গ | ঘ | ঙ |
| তালু | চ | ছ | জ | ঝ | ঞ |
| মূর্ধা | ট | ঠ | ড | ঢ | ণ |
| দন্ত | ত | থ | দ | ধ | ন |
| ওষ্ঠ | প | ফ | ব | ভ | ম |

- **শ, ষ, স- তিনটি ধ্বনি অঘোষ অল্পপ্রাণ। আর 'হ' ঘোষ মহাপ্রাণ।**

## এক কথায় প্রশ্নোত্তর

১. **বাংলা ব্যঞ্জনবর্ণসমূহকে কতটি বর্গে ভাগ করা হয়েছে?**
উত্তর: পাঁচটি।

২. **দুটি মৌলিক স্বরবর্ণ যোগে যে অক্ষর সৃষ্টি হয় তাকে কী বলে?**
উত্তর: যৌগিক স্বর।

৩. **'ড়' এবং 'ঢ়' ধ্বনিগুলোকে কী ধ্বনি বলে?**
উত্তর: তাড়নজাত।

৪. **বাঙালি শিশুরা কোন বর্গের ধ্বনিগুলো আগে শেখে?**
উত্তর: প-বর্গীয় (প, ফ, ব, ভ, ম) ধ্বনিগুলো আগে শেখে।

৫. **'খণ্ডত' (ৎ) প্রকৃত প্রস্তাবে কোন বর্ণের খণ্ড রূপ?**
উত্তর: ত।

৬. **চ-বর্গীয় ধ্বনির আগে কোনটি ব্যবহৃত হয়?**
উত্তর: ঞ।

৭. **পার্শ্বিক ধ্বনি কয়টি?**
উত্তর: একটি (ল)।

## Teacher's Work

১. **কোনটি ওষ্ঠ্য ধ্বনি?** [১৩তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৬]
ক) ম খ) ঙ গ) চ ঘ) র

২. **কোনগুলো দন্ত্যধ্বনি?** [১৩তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৬]
ক) ক খ গ ঘ খ) প ফ ব ভ গ) ত থ দ ধ ঘ) ট ঠ ড ঢ

৩. **কোনটি দন্ত্য ধ্বনি?** [১১তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৪]
ক) ণ খ) প গ) ত ঘ) চ

৪. **কণ্ঠ্য থেকে উচ্চারিত ধ্বনি-** [১০ম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৪]
ক) ক খ) ঙ গ) হ ঘ) ঝ

৫. **বাংলা বর্ণমালায় পরাশ্রয়ী বর্ণ কয়টি?** [১৬তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৯]
ক) ৫টি খ) ৩টি গ) ৪টি ঘ) ১টি

## অক্ষর

অক্ষর হচ্ছে বাগযন্ত্রের স্বল্পতম প্রয়াসে উচ্চারিত ধ্বনি বা ধ্বনিগুচ্ছ। ইংরেজিতে বলা হয় সিলেবল (Syllable)। অর্থাৎ কোনো শব্দের যতটুকু অংশ একটানে বা এক ঝোঁকে উচ্চারিত হয়, তাকে বাংলা ভাষায় অক্ষর বলে। যেমন- 'চিরজীবী' শব্দে ৪টি অক্ষর রয়েছে: চি + রো + জী + বী এবং নির্জন শব্দে ২টি অক্ষর: নির্ + জন, ইংরেজি ভাষায় অক্ষরকে syllable বলা হয়। সাধারণ অর্থে অক্ষর বলতে বর্ণ বা হরফ (Letter)-কে বোঝালেও অক্ষর ও বর্ণ পরস্পরের প্রতিশব্দ বা সমার্থক শব্দ নয়। বর্ণ বা হরফ হচ্ছে ধ্বনির লিখিত রূপ বা ধ্বনি-নির্দেশক চিহ্ন বা প্রতীক। ভাষাতাত্ত্বিকরা অক্ষরকে বিভিন্নভাবে সংজ্ঞায়িত করেছেন। যেমন-

- 'নিঃশ্বাসের স্বল্পতম প্রয়াসে একই বক্ষস্পন্দনের ফলে যে ধ্বনি বা ধ্বনিগুচ্ছ একবারে উচ্চারিত হয়, তাকেই সিলেবল বা অক্ষর বলা যেতে পারে।' -মুহম্মদ আব্দুল হাই
- 'কোনো শব্দে যখন যে ধ্বনিসমষ্টি একসময়ে একত্রে উচ্চারিত হয়, তাকে অক্ষর বলে।' -ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্
- 'এক প্রয়াসে উচ্চারিত ধ্বনি সমষ্টির নাম অক্ষর (সিলেবল)।' উচ্চারণের উপর ভিত্তি করে অক্ষর দুই প্রকার-

| | |
|---|---|
| ১.মুক্তাক্ষর/স্বরান্ত অক্ষর: | যে অক্ষর উচ্চারণে কোন বাধা পায় না তাকে মুক্তাক্ষর বলে। মুক্তাক্ষরের চিহ্ন হলো (◡) এরূপ। |
| ২.বদ্ধাক্ষর/ ব্যঞ্জনান্ত অক্ষর | যে অক্ষর উচ্চারণে বাধা পায় তাকে বদ্ধাক্ষর বলে। বদ্ধাক্ষরের চিহ্ন হলো এরূপ –। |

### বদ্ধাক্ষর এবং মুক্তাক্ষরের চিহ্নসহ উদাহরণ

তোমরা সামনের দিকে এগিয়ে চলো। উল্লিখিত বাক্যে মোট ১১টি অক্ষর আছে। তোম, সাম, নের এ ৩টি হলো বদ্ধাক্ষর। কেননা এগুলো স্বল্পতম প্রয়াসে উচ্চারণ করতে বাধা প্রাপ্ত হয়। রা, দি, কে, এ, গি, য়ে, চ, লো - এ ৮টি মুক্তাক্ষর। কেননা এগুলো উচ্চারণে কোনো বাধা নেই।

## এক কথায় প্রশ্নোত্তর

১. **অক্ষর কয় প্রকার?**
**উত্তর:** ২ প্রকার।

২. **যে অক্ষরের শেষে স্বরধ্বনি উচ্চারিত হয় তার নাম কী?**
**উত্তর:** স্বরান্ত অক্ষর।

৩. **যে অক্ষরের শেষে ব্যঞ্জন ধ্বনি উচ্চারিত হয়, তাকে কী বলে?**
**উত্তর:** ব্যঞ্জনান্ত অক্ষর।

৪. **"কোনো শব্দে যখন যে ধ্বনিসমষ্টি একসময়ে একত্রে উচ্চারিত হয়, তাকে অক্ষর বলে"- এ উক্তিটি কে করেন?**
**উত্তর:** ড. মুহম্মদ শহীদুল্লাহ্।

৫. **উচ্চারণের একক কী?**
**উত্তর:** অক্ষর।

## Teacher's Work

১. **স্বরান্ত অক্ষরকে কী বলে?** *[৪৫তম বিসিএস]*
ক) একাক্ষর খ) মুক্তাক্ষর গ) বদ্ধাক্ষর ঘ) যুক্তাক্ষর

২. **নিঃশ্বাসের স্বল্পতম প্রয়াসে উচ্চারিত ধ্বনি বা ধ্বনিগুচ্ছকে কী বলে?** *[৪১তম বিসিএস]*
ক) যৌগিক খ) অক্ষর গ) বর্ণ ঘ) মৌলিক স্বরধ্বনি

## যুক্তবর্ণ

| সংযুক্ত বর্ণ | উদাহরণ |
|---|---|
| ত্থ= ত্ + থ | উত্থিত, উত্থান |
| দ্ধ = দ্ + ধ | বদ্ধ, যুদ্ধ, সমৃদ্ধি |
| হ্ণ = হ্ + ণ | অপরাহ্ণ, পূর্বাহ্ণ |
| হ্ন = হ্ + ন | নিশ্চিহ্ন, মধ্যাহ্ন, সায়াহ্ন |
| দ্দ্ব = দ্ + দ + ব | তদ্দ্বারা |
| ন্ত্ব = ন্+ ত্ + ব | সান্ত্বনা |
| ষ্ম = ষ্ + ম | গ্রীষ্ম |
| ষ্ণ = ষ্ + ণ | তৃষ্ণা, উষ্ণ |
| হ্ম = হ্ + ম | ব্রাহ্মসমাজ, ব্রহ্মচর্য |
| ভ্রূ = ভ্+র্+উ | ভ্রূণ |
| ভ্রূ = ভ্ + র্ + উ | ভ্রূকুটি |
| ঞ্জ = ঞ্ + জ | অঞ্জনা, গঞ্জ |
| ট্ট = ট্ + ট | ভট্টশালী ,অট্টালিকা, চট্টগ্রাম |
| ঙ্ক = ঙ্ + ক | লঙ্কা, অঙ্ক, কঙ্কাল |
| ন্ধ = ন্ + ধ | সন্ধ্যা, অন্ধ, বন্ধু |
| জ্ঞ = জ্ + ঞ | সজ্ঞান, বিজ্ঞান, সংজ্ঞা |
| ঞ্চ = ঞ্ + চ | বঞ্চিত, বঞ্চনা, মঞ্চ, |
| ঞ্ছ = ঞ্ + ছ | বাঞ্ছনীয়, বাঞ্ছিত |
| ক্ষ = ক্ + ষ | দীক্ষা, শিক্ষা |
| ক্ষ্ম = ক্ + ষ + ম | সূক্ষ্ম, যক্ষ্মা |
| ন্ত্র = ন্ + ত্ + র | মন্ত্র |
| ন্ত্র্য = ন্ + ত্ + র (ফলা) + য (ফলা) | স্বাতন্ত্র্য |
| ব্ধ = ব্ + ধ | লব্ধ, স্তব্ধ |
| ষ্ম = ষ্ + ম | গ্রীষ্ম, উষ্ম |
| ন্থ = ন্ + থ | মন্থর, গ্রন্থ |
| ণ্ঠ = ণ্ + ঠ | লুণ্ঠন, কণ্ঠ |
| ত্ম = ত্ + ম | সর্বাত্মক, আত্মা |
| ঙ্ক্ষ= ঙ্+ক্+ষ | আকাঙ্ক্ষা, আকাঙ্ক্ষিত |

## এক কথায় প্রশ্নোত্তর

১. **জ্ঞ - যুক্তবর্ণটি কোন কোন বর্ণের মিলনে গঠিত হয়?**
উত্তর: জ + ঞ।

২. **'হ্ন' এই যুক্ত ব্যঞ্জনে কোন কোন বর্ণ আছে?**
উত্তর: হ্ + ন।

৩. **'ক্ষ' বর্ণটির বিশ্লেষণ কী?**
উত্তর: ক্ + ষ।

৪. **'রক্ষা' শব্দের সংযুক্ত বর্ণ কোন কোন বর্ণ নিয়ে গঠিত?**
উত্তর: ক্ + ষ।

৫. **কোন দুটি স্বরের মিলিত ধ্বনিতে 'ঐ' সৃষ্টি হয়?**
উত্তর: ও + ই।

## Teacher's Work

১. **'উষ্ণ' শব্দের যুক্তাক্ষরটি কোন কোন বর্ণের সমন্বয়ে গঠিত?** [১৬তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৯]
(ক) ষ্ + ন (খ) ষ্ + ণ (গ) ষ্ + ঞ (ঘ) ষ্ + ঙ

২. **'হ্ম' বর্ণটি কোন কোন বর্ণের সমষ্টি?** [বস্ত্র অধিদপ্তরের অফিস সহায়ক পরীক্ষা-২০২৪, বাংলাদেশ রেলওয়ে (বুকিং সহকারী) -২০২৪, র্দান ইলেক্ট্রিসিটি সাপ্লাই পদের পরীক্ষা-২০২৪, ১৫তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৯]
(ক) ক্ + খ (খ) হ্ + ম (গ) ক্ + ষ (ঘ) ম্ + হ

## Student Practice

১. **ব্যঞ্জন বর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলা হয়?**
(ক) ফল (খ) ফলা
(গ) ফলাই (ঘ) অক্ষর — খ

২. **যথাক্রমে ষ্ণ এবং হ্ন -এর বিশিষ্ট রূপ দেখান।**
(ক) ষ্ + ঞ, হ্ + ণ (খ) ষ্ + ন, হ্ + ণ
(গ) ষ্ + ণ, হ্ + ন (ঘ) ষ্ + ন, হ্ + ন — গ

৩. **'পূর্বাহ্ণ' বানানটিতে ব্যবহৃত হয়েছে-**
(ক) হ্ + ন (খ) হ্ + ণ
(গ) হ্ + ঞ (ঘ) হ্ + ম — খ

৪. **'শ, ষ, স, হ' এই চারটি বর্ণের নাম কী?**
(ক) বর্গীয় বর্ণ (খ) উষ্মবর্ণ
(গ) পশ্চাৎ দন্তমূলীয় বর্ণ (ঘ) কণ্ঠ্য বর্ণ — খ

৫. **বাংলা ভাষার উদ্ভব ঘটে কোন সময় থেকে?**
(ক) খ্রিষ্টীয় অষ্টম শতক
(খ) খ্রিষ্টীয় দশম শতকের কাছাকাছি সময়
(গ) খ্রিষ্টীয় নবম শতকের কাছাকাছি সময় থেকে
(ঘ) খ্রিষ্টীয় ৪০০ শতকে — খ

৬. **বাংলা ভাষার চলিত রীতির বৈশিষ্ট্য কোনটি?**
ক আভিজাত্য খ পদবিন্যাস সুনির্দিষ্ট
গ কাঠামো অপরিবর্তিত ঘ কৃত্রিমতা বর্জিত — ঘ

৭. **কোন যুগে বাংলা লিপি ও অক্ষরের গঠনকার্য শুরু হয়-**
ক পাঠান যুগ খ সেন যুগ
গ পাল যুগ ঘ মোগল যুগ — খ

৮. **কোন শাসনামলে বাংলা লিপির স্থায়ী রূপ তৈরি করে অক্ষর গঠনের কাজ শুরু হয়?**
ক সেন যুগ খ পাঠান যুগ
গ পাল যুগ ঘ মোগল যুগ — খ

৯. **আর্যভাষার কোন স্তর থেকে বাংলা ভাষার উদ্ভব হয়েছে?**
ক মধ্যভারতীয় আর্যভাষা খ প্রাচীন ভারতীয় আর্যভাষা
গ নব্য ভারতীয় আর্যভাষা ঘ সংস্কৃত ভাষা — খ

১০. **'প্রাকৃত' শব্দটির অর্থ-**
ক প্রকৃত খ যথার্থ
গ যা করা হয়েছে ঘ স্বাভাবিক — ঘ

১১. **বাংলা ভাষা ও সাহিত্য কার কাছে প্রত্যক্ষভাবে ঋণী?**
ক পালি খ অপভ্রংশ গ অবহট্ঠ ঘ সংস্কৃত — খ

১২. **ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র মতে, সর্বশেষ কোন ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়েছে?**
ক ভারতীয় আর্য খ সংস্কৃত
গ ইন্দো-ইউরোপীয় ঘ বঙ্গ-কামরূপী — ঘ

১৩. **বাংলা ব্যাকরণ প্রথম যে ভাষায় লেখা হয়-**
ক ইংরেজি খ ফরাসি
গ সংস্কৃত ঘ পর্তুগিজ — ঘ

১৪. **ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত ব্যাকরণ গ্রন্থের নাম কী?**
ক ব্যাকরণ কৌমুদী খ ব্যাকরণ মঞ্জুষা
গ মুগ্ধবোধ ব্যাকরণ ঘ অষ্টাধ্যায়ী — ক

১৫. **বাক্যতত্ত্বের অপর নাম কী?**
ক ভাষা খ প্রাদিপদিক
গ পদক্রম ঘ সাধিত শব্দ — গ

১৬. **ব্যাকরণের উচ্চতর পর্যায়ে আলোচিত হয় কোনটি?**
ক বাক্যতত্ত্ব খ ধ্বনিতত্ত্ব
গ রূপতত্ত্ব ঘ অর্থতত্ত্ব — ঘ

১৭. **কোনগুলো মৌলিক স্বরধ্বনি?**
ক ও, ঔ খ এ, ঐ
গ ই, অ্যা ঘ আ, ঋ — গ

১৮. **উচ্চারণ স্থানের নামানুসারে ব্যঞ্জন ধ্বনিগুলো কত ভাগে বিভক্ত?**
ক ৫ ভাগে খ ৬ ভাগে গ ৭ ভাগে ঘ ৮ ভাগে — ক

১৯. **বাংলা ব্যাকরণে পরাশ্রয়ী বর্ণযুক্ত শব্দ কোনগুলো?**
ক আম্র, বৃহৎ, মিঞা খ আয়না, হরিণ, ঋণ
গ রং, চাঁদ, দুঃখ ঘ শিউলি, উচিত, বৃষ — গ

২০. **বাংলা ভাষায় উষ্মবর্ণ মোট কয়টি?**
ক দুইটি খ তিনটি
গ চারটি ঘ পাঁচটি — গ

২১. **কোনগুলো শিশ্ ধ্বনি?**
ক ঙ, ঞ, ন খ শ, স, ষ
গ প, ফ, ভ ঘ য, র, ল — খ

২২. **একই সঙ্গে উচ্চারিত দুইটি মিলিত স্বরধ্বনিকে কী বলে?**
ক মৌলিক স্বরধ্বনি খ সমধ্বনি
গ মূলধ্বনি ঘ যৌগিক স্বরধ্বনি — ঘ

২৩. **পূর্ণস্বরধ্বনি ও অর্ধস্বরধ্বনি একত্রে মিলে কী হয়?**
ক স্বরধ্বনি খ মৌলিক স্বরধ্বনি
গ অল্প স্বরধ্বনি ঘ দ্বিস্বরধ্বনি — ঘ

২৪. **বাংলা ভাষায় যৌগিক স্বরধ্বনি সংখ্যা কয়টি?**
ক ২৪টি খ ২৫টি
গ ২৭টি ঘ ২৩টি — খ

২৫. **বাংলা বর্ণমালায় যৌগিক স্বরজ্ঞাপক দুটো বর্ণ কী কী?**
ক ই এবং উ খ অ এবং এ
গ ঐ এবং ঔ ঘ আ এবং ও — গ

২৬. **কোন দু'টি স্বরের মিলিত ধ্বনিতে 'ঐ' ধ্বনির সৃষ্টি হয়?**
ক অ এবং ই খ এ এবং ই
গ ও এবং ই ঘ উ এবং ই — গ

২৭. **'তীক্ষ্ণ' শব্দের যুক্তব্যঞ্জনের সঠিক বিশ্লেষণ কোনটি?**
ক ক্ + ষ্ + ণ খ ক্ + ষ্ + ন
গ ক্ + ষ্ + ম ঘ ক্ + হ্ + ণ — ক

২৮. **'জ্ঞ' যুক্তবর্ণটি কোন কোন বর্ণের মিলনে গঠিত হয়?**
ক গ্ + ঞ খ ঞ্ + জ
গ ঞ্ + চ ঘ জ্ + ঞ — ঘ

২৯. **'ঞ্চ' যুক্ত বর্ণটির স্বরূপ কী?**
ক ঞ্ + চ খ ঞ্ + ছ
গ ঞ্ + ধ ঘ ঞ্ + জ — ক

৩০. **'ষ্থ' যুক্তবর্ণের কী কী যুক্তবর্ণ আছে?**
ক ষ্ + থ খ হ্ + থ
গ স্ + থ ঘ স্ + ত — গ

৩১. **প্রথম কোন বাঙালি বাংলা ভাষায় ব্যাকরণ রচনা করেন?**
ক রাজা রামমোহন রায় খ সুনীতিকুমার চট্টোপাধ্যায়
গ ড. মুহম্মদ শহীদুল্লাহ্ ঘ ড. এনামুল হক — ক

৩২. **'বিজ্ঞান' শব্দের যুক্তবর্ণের সঠিক রূপ কোনটি?**
ক জ্ + ঞ খ ঞ + গ
গ ঞ + জ ঘ গ + ঞ — ক

## Home Work

NTRCA চাকুরি প্রত্যাশীদের জন্য বিগত বিভিন্ন নিয়োগ পরীক্ষায় আসা প্রশ্নগুলো থেকে গুরুত্বপূর্ণ প্রশ্নগুলো বাছাই করে এবং সাম্প্রতিক প্রশ্নোত্তর সংযোজনে সাজানো হয়েছে। যা মনে রাখতে পারলে শতভাগ কমন থাকবে।

**১. বাংলা ভাষায় কোন স্বরধ্বনি উচ্চারণকালে জিহ্বা উচ্চ অবস্থানে থাকে?** [৪৬তম বিসিএস]
ক আ খ এ
গ উ ঘ ও — গ

**২. 'ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব' গ্রন্থের রচয়িতা–** [৪৬তম বিসিএস]
ক মুহম্মদ আবদুল হাই খ মুহম্মদ শহীদুল্লাহ্
গ মুনীর চৌধুরী ঘ মুহম্মদ এনামুল হক — ক

**৩. বাংলা বর্ণমালায় যৌগিক স্বর কয়টি?** [৪৬তম বিসিএস]
ক ১টি খ ২টি
গ ৩টি ঘ ৪টি — খ

**৪. 'ভাষা চিন্তার শুধু বাহনই নয়, চিন্তার প্রসূতিও।'– মন্তব্যটি কোন ভাষা-চিন্তকের?** [৪৫তম বিসিএস]
ক সুনীতিকুমার চট্টোপাধ্যায় খ মুহম্মদ শহীদুল্লাহ্
গ মুহম্মদ এনামুল হক ঘ সুকুমার সেন — ঘ

**৫. কেন্তুমের কোন দুটি শাখা এশিয়ার অন্তর্গত?** [৪৩তম বিসিএস]
ক হিত্তিক ও তুখারিক খ তামিল ও দ্রাবিড়
গ আর্য ও অনার্য ঘ মাগধী ও গৌড়ী — ক

**৬. বাগযন্ত্রের অংশ কোনটি?** [৪৩তম বিসিএস]
ক স্বরযন্ত্র খ ফুসফুস
গ দাঁত ঘ উপরের সবকটি — ঘ

**৭. নিম্নবিবৃত স্বরধ্বনি কোনটি?** [৪৩তম বিসিএস]
ক আ খ ই গ এ ঘ অ্যা — ক

**৮. বাংলার আদি অধিবাসীগণ কোন ভাষাভাষী ছিলেন?** [৪২তম বিসিএস (বিশেষ)]
ক বাংলা খ সংস্কৃত
গ হিন্দি ঘ অস্ট্রিক — ঘ

**৯. নিঃশ্বাসের স্বল্পতম প্রয়াসে উচ্চারিত ধ্বনি বা ধ্বনিগুচ্ছকে কী বলে?** [৪১তম বিসিএস]
ক যৌগিক ধ্বনি খ অক্ষর
গ বর্ণ ঘ মৌলিক স্বরধ্বনি — খ

**১০. ধ্বনিতত্ত্ব ও শব্দতত্ত্বকে বাক্যে যথাযথভাবে ব্যবহার করার বিধানের নামই–** [৪১তম বিসিএস]
ক রসতত্ত্ব খ রূপতত্ত্ব
গ বাক্যতত্ত্ব ঘ ক্রিয়ার কাল — গ

**১১. বাংলা ভাষায় ব্যবহৃত মৌলিক স্বরধ্বনি কয়টি?** [৩৮,৩৫তম বিসিএস]
ক ৭টি খ ৮টি
গ ৬টি ঘ ১১টি — ক

**১২. 'হ্ম' যুক্তবর্ণটি কিভাবে গঠিত হয়েছে?** [৩৮,২৩তম বিসিএস]
ক হ্ + ম খ ক্ + ষ
গ য্ + ম ঘ ম্ + হ — ক

**১৩. 'ঔ' কোন ধরনের স্বরধ্বনি?** [৩৭তম বিসিএস]
ক যৌগিক স্বরধ্বনি খ তালব্য স্বরধ্বনি
গ মিলিত স্বরধ্বনি ঘ কণ্ঠোষ্ঠ্য বর্ণ — ক

**১৪. বর্গের কোন বর্ণসমূহের ধ্বনি মহাপ্রাণ ধ্বনি?** [৩৭তম বিসিএস]
ক তৃতীয় বর্ণ খ দ্বিতীয় ও চতুর্থ বর্ণ
গ প্রথম ও দ্বিতীয় বর্ণ ঘ দ্বিতীয় ও তৃতীয় বর্ণ — খ

**১৫. 'বন্ধন' শব্দের সঠিক অক্ষর বিন্যাস কত?** [৩৫তম বিসিএস]
ক ব + ন + ধ + ন খ বন্ + ধন্
গ ব + ন্ধ + ন ঘ বান + ধন — খ

**১৬. 'The Origin and Development of the Bengali Language' গ্রন্থটি কে রচনা করেছেন?** [৩৩তম বিসিএস]
ক ড. মুহম্মদ শহীদুল্লাহ্ খ ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়
গ হরপ্রসাদ শাস্ত্রী ঘ স্যার জর্জ গ্রিয়ারসন — খ

**১৭. ভাষার মূল উপাদান/ক্ষুদ্রতম একক হচ্ছে–** [৩২তম বিসিএস]
ক বর্ণ খ শব্দ গ ধ্বনি ঘ বাক্য — গ

**১৮. নিচের কোনটি অঘোষ অল্পপ্রাণ ধ্বনি?** [৩০তম বিসিএস]
ক ভ খ ঠ গ ফ ঘ চ — ঘ

**১৯. বাংলা ভাষায় প্রথম ব্যাকরণ রচনা করেন কে?** [২৯তম বিসিএস]
ক ড. সুকুমার সেন
খ ড. মুহম্মদ শহীদুল্লাহ্
গ মনোএল দ্য আসসুম্পসাঁও
ঘ ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় — গ

**২০. কে সর্বপ্রথম বাংলা টাইপ সহযোগে বাংলা ব্যাকরণ মুদ্রণ করেন?** [২৬তম বিসিএস]
ক স্যার উইলিয়াম জোন্স খ স্যার উইলিয়াম কেরী
গ রাজীব লোচন মুখোপাধ্যায় ঘ ব্রাসি হ্যালহেড — ঘ

**২১. 'ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ' কে রচনা করেছেন?** [২২তম বিসিএস]
ক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ সুনীতিকুমার চট্টোপাধ্যায়
গ ড. মুহম্মদ শহীদুল্লাহ্ ঘ মুহম্মদ এনামুল হক — খ

**২২. 'বাঙ্গালীর ইতিহাস' বইটির লেখক কে?** [১৮তম বিসিএস]
ক নীহাররঞ্জন রায় খ মজুমদার
গ অধ্যাপক আব্দুল করিম ঘ অধ্যাপক সুনীতিকুমার সেন — ক

**২৩. বাংলা বর্ণমালায় মাত্রাহীন বর্ণের সংখ্যা কত?** [১৮তম বিসিএস]
ক ১২টি খ ৮টি গ ৬টি ঘ ১০টি — ঘ

**২৪. বাংলা ভাষার উদ্ভব হয়েছে নিম্নোক্ত একটি ভাষা থেকে–** [১৭তম বিসিএস]
ক সংস্কৃত খ পালি
গ প্রাকৃত ঘ অপভ্রংশ — গ

**২৫. বাংলা ভাষার আদি স্তরের স্থিতিকাল কোনটি?** [১৪তম বিসিএস (শিক্ষা)]
ক দশম থেকে চতুর্দশ শতাব্দী
খ একাদশ থেকে পঞ্চদশ শতাব্দী
গ দ্বাদশ থেকে ষোড়শ শতাব্দী
ঘ ত্রয়োদশ থেকে সপ্তদশ শতাব্দী — ক

**২৬. বাংলা লিপির উৎস কী?** [১৪তম বিসিএস]
ক খরোষ্ঠী লিপি খ চীনা লিপি
গ আরবি লিপি ঘ ব্রাহ্মী লিপি — ঘ

**২৭. বর্ণ হচ্ছে-** [১৪তম বিসিএস]
ক শব্দের ক্ষুদ্রতম অংশ
খ একসাথে উচ্চারিত ধ্বনিগুচ্ছ
গ ধ্বনি নির্দেশক প্রতীক
ঘ ধ্বনির শ্রুতিগ্রাহ্য রূপ — গ

**২৮. কোন দুটি অঘোষ ধ্বনি?** [১৩তম বিসিএস]
ক চ ছ খ ড ঢ গ ব ভ ঘ দ ধ — ক

**২৯. রাজা রামমোহন রচিত বাংলা ব্যাকরণের নাম কী?** [২৭তম বিসিএস]
ক মাগধী ব্যাকরণ খ গৌড়ীয় ব্যাকরণ
গ মাতৃভাষা ব্যাকরণ ঘ ভাষা ও ব্যাকরণ — খ

**৩০. পাণিনি কে ছিলেন?** [১১তম বিসিএস]
ক ভাষাবিদ খ ঋগ্বেদবিদ
গ বৈয়াকরণিক ঘ ঔপন্যাসিক — গ

৩১. **বাংলা একাডেমির 'আঞ্চলিক অভিধান' সম্পাদনা কে করেন?** [২৪তম বিসিএস, বাতিল]
ক মুহম্মদ শহীদুল্লাহ্ খ মুহম্মদ মনসুর উদ্দিন
গ মুহম্মদ এনামুল হক ঘ মুহম্মদ আবদুল হাই **ক**

৩২. **'সন্ধি' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?** [১৮তম বিসিএস]
ক রূপতত্ত্ব খ ধ্বনিতত্ত্ব
গ পদক্রম ঘ বাক্য প্রকরণ **খ**

৩৩. **বাংলা মুদ্রাক্ষরের জনক বলা হয় কাকে?** [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (২য় পর্যায়)–২০২৪]
ক রজনীকান্ত খ চার্লস উইলকিন্স
গ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ ফোর্ট উইলিয়াম **খ**

৩৪. **শব্দের ক্ষুদ্রতম অংশকে বলা হয়-**[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (১ম পর্যায়)–২০২৩]
ক ভাব খ পদ গ বর্ণ ঘ ধ্বনি **ঘ**

৩৫. **বাগযন্ত্রের অংশ কোনটি?** [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (১ম পর্যায়)–২০২৩]
ক স্বরযন্ত্র খ ফুসফুস গ দাঁত ঘ সবকটি **ঘ**

৩৬. **কোন ভাষা থেকে বাংলা ভাষার জন্ম-** [বস্ত্র অধিদপ্তরের অফিস সহায়ক পরীক্ষা'২৪]
ক সংস্কৃত খ পালি
গ প্রাকৃত ঘ বঙ্গ-কামরূপী **ঘ**

৩৭. **'ব্যাকরণ' শব্দের সঠিক অর্থ কোনটি?** [বস্ত্র অধিদপ্তরের অফিস সহায়ক পরীক্ষা'২৪]
ক বিশেষভাবে বিভাজন খ বিশেষভাবে বিশ্লেষণ
গ বিশেষভাবে বিয়োজন ঘ বিশেষভাবে সংযোজন **খ**

৩৮. **'বঙ্গীয় শব্দকোষ' এর প্রণেতা-** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (ইন্সপেক্টর/ সিনিয়র অফিসার/নিরাপত্তা কর্মকর্তা-২০২৪]
ক ড. মুহাম্মদ শহীদুল্লাহ্ খ মুহাম্মদ হাবিবুর রহমান
গ হরিচরণ বন্দ্যোপাধ্যায় ঘ ফাদার ম্যানুয়েল **গ**

৩৯. **ইংরেজি ভাষায় লেখা প্রথম বাংলা ব্যাকরণের রচয়িতা কে?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর) – ২০২৪]
ক উইলিয়াম কেরি খ রামমোহন রায়
গ মনোএল দ্য আসসুম্পসাঁও
ঘ এন বি হ্যালহেড **ঘ**

৪০. **ব্যাকরণ ও ভাষার মধ্যে কোনটি আগে সৃষ্টি হয়েছে?** [প.প.অ. (সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা)'২২]
ক ব্যাকরণ খ ভাষা
গ ব্যাকরণ ও ভাষা উভয়ই এক সাথে
ঘ কোনোটিই নয় **খ**

৪১. **সংস্কৃত প্রয়োগ অনুসারে বাংলা বর্ণমালায় 'ঋ' কোন বর্ণের মধ্যে রক্ষিত?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (ইন্সপেক্টর/সিনিয়র অফিসার/নিরাপত্তা কর্মকর্তা-২৪]
ক উষ্ম বর্ণ খ স্বরবর্ণ
গ ব্যঞ্জন বর্ণ ঘ ঘোষ বর্ণ **খ**

৪২. **বাংলা ভাষার নিজস্ব লিপি কোনটি?** [বা. প.উ.বো. (সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা) '২৩]
ক ব্রাহ্মী খ মণিপুরি
গ বাংলা ঘ কুটিল **গ**

৪৩. **'ব্যাকরণ' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ কী?** [প্রাথমিক (সহকারী শিক্ষক) (২য় পর্যায়)'২০; শি.নি.প্র.প. (শিক্ষক) (স্কুল)'২২]
ক সাধারণ বিশ্লেষণ খ বিশেষভাবে বিশ্লেষণ
গ সাধারণ সংশ্লেষণ ঘ বিশেষভাবে সংযোজন **খ**

৪৪. **সব ভাষার ব্যাকরণের কয়টি মৌলিক অংশ থাকে?**
অথবা, **বাংলা ব্যাকরণের মূল আলোচ্য বিষয় কয়টি?** [প্র.ম. (সহকারী পরিচালক; কা.শি.অ. (ফিজিক্যাল এডুকেশন ইনস্ট্রাকটর)'২৩]
ক ৫টি খ ৬টি
গ ১০টি ঘ ৪টি **ঘ**

৪৫. **বাংলা ভাষায় বহুল প্রচলিত অভিধান 'চলন্তিকা' এর প্রণেতা কে?** [পা.ব.ক. (সাব-এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল)'২০; প. প.অ. (পরিবার কল্যাণ পরিদর্শিকা)'২৩]
ক কাজী আব্দুল ওদুদ খ হরিচরণ বন্দ্যোপাধ্যায়
গ রাজশেখর বসু ঘ সুবলচন্দ্র মিত্র **গ**

৪৬. **ব্যঞ্জনবর্ণের বিকল্প রূপের নাম কী?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর) – ২০২৪]
ক উপসর্গ খ ফলা
গ অনুবর্ণ ঘ বর্ণ সংক্ষেপ **গ**

৪৭. **নিচের কোনটিতে 'অ' বর্ণের সাধারণ উচ্চারণ হয়েছে?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর) – ২০২৪]
ক অতি খ অণু
গ অদ্য ঘ অনেক **ঘ**

৪৮. **সাধু ও চলিত রীতিতে অভিন্নরূপে ব্যবহৃত হয়-** [১৫তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৯]
ক অব্যয় পদ খ সম্বোধন পদ
গ সর্বনাম পদ ঘ ক্রিয়া পদ **ক**

৪৯. **'বাংলা ভাষার উদ্ভব ও বিকাশ' গ্রন্থের রচয়িতার নাম-** [১৪তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৭]
ক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
খ ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়
গ বিদ্যাপতি
ঘ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় **খ**

৫০. **স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলে?** [১৪তম প্রভাষক নিবন্ধন- ২০১৭]
ক ফলা খ কার
গ ধ্বনি ঘ অক্ষর **খ**

৫১. **'ক্রিয়ারকাল ও পুরুষ' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?** [১৪তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৭]
ক ধ্বনিতত্ত্বে খ রূপতত্ত্বে
গ বাক্যতত্ত্বে ঘ অর্থতত্ত্বে **খ**

৫২. **'ঙ' ধ্বনিটির সঠিক উচ্চারণ হলো-** [১৫তম প্রভাষক নিবন্ধন-২০১৯]
ক উম্য খ উমো গ ইয়ো ঘ উঁয়ো **ঘ**

৫৩. **'প্রাকৃত' শব্দের ভাষাগত অর্থ-** [১৫তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৯]
ক মূর্খদের ভাষা খ পণ্ডিতদের ভাষা
গ জনগণের ভাষা ঘ লেখকদের ভাষা **গ**

৫৪. **বাংলা ভাষা কোন ভাষা থেকে এসেছে?** [১৩তম প্রভাষক নিবন্ধন-২০১৬]
ক সংস্কৃত খ গৌড়ীয় প্রাকৃত
গ হিন্দি ঘ আসামি **খ**

৫৫. **ধ্বনি নির্দেশক চিহ্নকে কী বলা হয়?** [ব.অ. (জুনিয়র ওয়াইল্ড লাইফ স্কাউট)'২২; আ.র.প্র.নি.দ. (অফিস সহায়ক)'২০]
ক শব্দ খ বর্ণ
গ ধ্বনি ঘ চিহ্ন **খ**

৫৬. **ভাষার মূল উপকরণ কী? [১১তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৪]**
ক বাক্য খ ধ্বনি
গ শব্দ ঘ বর্ণ **ক**

৫৭. **ভারতবর্ষে মুসলিম শাসনামলে রাজভাষা ছিল-** [১০ম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৪]
ক বাংলা খ সংস্কৃত
গ আরবি ঘ ফারসি **ঘ**

৫৮. **ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র মতে বাংলা ভাষার উদ্ভব-** [১০ম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৪]
ক সংস্কৃত থেকে খ গৌড়ীয় প্রাকৃত থেকে
গ মাগধী প্রাকৃত থেকে ঘ মৈথিলী থেকে **খ**

৫৯. **'ইউনেস্কো' কত সালে ২১ শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দেয়?** [১০ম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৪]
ক ১৯৯৮ খ ১৯৯৯
গ ২০০০ ঘ ২০০৫ **খ**

৬০. **কোনটি ভাষার বৈশিষ্ট্য নয়?** [৯ম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৩]
ক অর্থদ্যোতকতা
খ ইশারা বা অঙ্গভঙ্গি
গ মানুষের কণ্ঠনিঃসৃত ধ্বনি
ঘ জনসমাজে ব্যবহার যোগ্যতা **খ**

৬১. **'বাংলা ভাষার জন্ম হয়েছে মাগধী প্রাকৃত থেকে'। -এ মতের প্রবক্তা কে?** [৯ম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৩]
ক স্যার জর্জ আব্রাহাম গ্রিয়ারসন
খ ড. মুহম্মদ শহীদুল্লাহ্
গ ড. সুকুমার সেন
ঘ ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় **ক**

৬২. **ড. মুহম্মদ শহীদুল্লাহ্র মতে, বাংলা ভাষার উৎপত্তি কোন প্রাকৃত স্তর থেকে?** [৮ম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১২]
ক মাগধী প্রাকৃত খ গৌড়ীয় প্রাকৃত
গ মহারাষ্ট্রী প্রাকৃত ঘ অর্ধ মাগধী প্রাকৃত **খ**

৬৩. **বাংলা ভাষা কোন মূল ভাষার অন্তর্গত?** [৭ম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১১]
ক দ্রাবিড় খ ইন্দো-ইউরোপীয়
গ দক্ষিণ-পূর্ব এশিয় ঘ ইউরালীয় **খ**

৬৪. **'ব্যাকরণ' কোন ভাষার শব্দ?**
ক বাংলা খ সংস্কৃত
গ পর্তুগিজ ঘ হিন্দি **খ**

৬৫. **ব্যবহারকারীর সংখ্যা বিবেচনায় বাংলা ভাষা বিশ্বের কততম প্রধান ভাষা?** [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (১ম পর্যায়)-২০২২]
ক ষষ্ঠ খ সপ্তম
গ চতুর্থ ঘ পঞ্চম **ক**

৬৬. **নির্দিষ্ট পরিবেশে মানুষের বস্তু ও ভাবের প্রতীক কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সিলেট বিভাগ); ০৫]
ক ভাষা খ শব্দ
গ ধ্বনি ঘ বাক্য **ক**

৬৭. **ব্যাকরণের কোন অংশে 'কারক' সম্বন্ধে আলোচনা করা হয়?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মিসিসিপি) : ১৩]
ক ধ্বনিতত্ত্বে খ অর্থতত্ত্বে
গ বাক্যতত্ত্বে ঘ রূপতত্ত্বে **গ**

৬৮. **'বাগ্‌ধারা ' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ক ভাষাতত্ত্বে খ ধ্বনিতত্ত্বে
গ বাক্যতত্ত্বে ঘ রূপতত্ত্বে
**নোট:** সঠিক উত্তর- অর্থতত্ত্ব।

৬৯. **মৈথিলি ও বাংলার মিশ্রণে কোন ভাষার সৃষ্টি হয়েছে?** [জবি (ঘ- ইউনিট) : ২০১৬-১৭]
ক প্রাকৃত খ গৌড়ীয়
গ ব্রজবুলি ঘ অপভ্রংশ **গ**

৭০. **মানুষের কণ্ঠ নিঃসৃত ধ্বনি বা ধ্বনিসমষ্টিকে বলে—**[থানা সহকারী শিক্ষা অফিসার : ০৫]
ক বর্ণ খ বাক্য গ শব্দ ঘ ভাষা **ঘ**

৭১. **বাংলা ভাষার জন্ম কোন ভাষা থেকে?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স-এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর: ২০]
ক পালি খ দ্রাবিড়
গ প্রাকৃত ঘ কোনোটিই নয় **গ**

৭২. **বাংলা সাহিত্যের প্রথম ইতিহাস গ্রন্থ কে রচনা করেন?**[কর্মসংস্থান ব্যাংক অফিসার (ক্যাশ) : ২০১২]
ক সুকুমার সেন খ দীনেশচন্দ্র সেন
গ ড. মুহম্মদ শহীদুল্লাহ্ ঘ সত্যেন্দ্রনাথ দত্ত **খ**

৭৩. **বাংলাদেশে প্রথম ছাপাখানা প্রতিষ্ঠিত হয় কোথায়?** [শ্রম অধিদপ্তরের দ্বিতীয় শ্রেণিভুক্ত শ্রম কর্মকর্তা এবং জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা- '১৭]
ক রংপুর খ কুমিল্লা
গ চাঁদপুর ঘ কুষ্টিয়া **ক**

৭৪. **ড. সুনীতিকুমারের মতে, বাংলা লিপির উৎপত্তি কত শতকে?** [নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা ও পার্সোনাল অফিসার- '০৪]
ক সপ্তম শতকে খ অষ্টম শতকে
গ নবম শতকে ঘ দশম শতকে **ঘ**

৭৫. **কোন লিপি ডানদিক থেকে লেখা হতো?** [মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীন জুনিয়র অডিটর : ২০১১]
ক ব্রাহ্মী লিপি খ খরোষ্ঠী লিপি
গ আরবি লিপি ঘ উদ্ধ লিপি **খ**

৭৬. **গৌড়ীয় বাংলা ব্যাকরণ রচনা করেছেন–** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (চ ইউনিট): ১৪-১৫]
ক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ রামরাম বসু
গ রামনারায়ণ তর্করত্ন ঘ রাজা রামমোহন রায় **ঘ**

৭৭. **বাংলা ব্যাকরণে রূপতত্ত্বের আলোচ্য বিষয় কোনটি?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ-এর সহকারী পরিচালক পদে নিয়োগ-২০২০]
ক ধ্বনি খ বিরাম চিহ্ন
গ প্রত্যয় ঘ পদক্রম
ঙ. কোনোটিই নয় **গ**

৭৮. **বাংলা স্বরধ্বনিতে কয়টি হ্রস্ব স্বর আছে?** [থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা-১৭]
ক ৫টি খ ৪টি
গ ৭টি ঘ ৬টি **খ**

৭৯. **বাংলা স্বরধ্বনিতে মোট কয়টি দীর্ঘস্বর আছে?** [এলজিইডিতে সহকারী প্রকৌশলী- ২০১৮]
ক ৭টি খ ৯টি
গ ৬টি ঘ ৫টি **ক**

৮০. **'স' ধ্বনিটির পরিচয় কোনটি?** *[স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী (সিভিল) :১৭]*
ক উষ্ম খ স্পৃষ্ট
গ পার্শ্বিক ঘ নাসিকা **ক**

৮১. **পার্শ্বিক ব্যঞ্জনের ধ্বনি কোনটি?** *[খুবি (কলা ও মানবিক) : ১২-১৩ / ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা : ০৬-০৭]*
ক হ খ শ
গ র ঘ ল **ঘ**

৮২. **'ড়' এবং 'ঢ়' কোন ধরনের ধ্বনি?** *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী- ২০১৩]*
ক ঘোষ খ তাড়নজাত
গ অল্পপ্রাণ ঘ শিশ **খ**

৮৩. **বাংলা ব্যঞ্জন বর্ণে ফলা কয়টি?** *[পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা- ২০১৭]*
ক ৪টি খ ৫টি
গ ৬টি ঘ ৭টি **গ**

৮৪. **'ষ্ণ' যুক্ত বর্ণটি কীভাবে গঠিত হয়েছে?** *[বি আর টি এ মোটরযান পরিদর্শক: ২০১৮ ; স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সিনিয়র ষ্টাফ নার্স (বাতিলকৃত) : ২০১৭]*
ক ষ্ + ণ খ ষ্ + ঞ
গ ষ্ + ত্র ঘ ষ্ + জ **ক**

৮৫. **'ক্ষ্ম' এর বিশিষ্ট রূপ–** *[ঢাবি 'চ'ইউনিট ২০১৯-২০;সঞ্চয় পরিদপ্তরের হিসাবরক্ষক : ২০১৯]*
ক ক্ষ্ম + ম খ খ্ + ম + হ
গ ক্ + ষ + ণ ঘ ক্ + ষ + ম **ঘ**

৮৬. **'খ' সংযুক্ত বর্ণটিতে কোন কোন বর্ণ রয়েছে?** *[পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী : ১০]*
ক ল্ + ত খ ল্ + থ
গ ত্ + থ ঘ থ্ + ত **গ**




১. 'বাংলা ভাষার ইতিবৃত্ত' গ্রন্থের রচয়িতা কে?
ⓚ ড. মুহম্মদ শহীদুল্লাহ্
ⓚ দীনেশচন্দ্র সেন
ⓖ সুনীতিকুমার চট্টোপাধ্যায়
ⓖ সুকুমার সেন

২. 'ক্রিয়ার কাল ও পুরুষ' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?
ⓚ ধ্বনিতত্ত্বে
ⓚ রূপতত্ত্বে
ⓖ বাক্যতত্ত্বে
ⓖ অর্থতত্ত্বে

৩. 'ক্ষ' বর্ণটি কোন কোন বর্ণের সমষ্টি?
ⓚ ক্ + খ
ⓚ হ্ + ম
ⓖ ক্ + ষ
ⓖ ম্ + হ

৪. কণ্ঠ্য থেকে উচ্চারিত ধ্বনি-
ⓚ ক
ⓚ ঙ
ⓖ হ
ⓖ ঝ

৫. ব্যুৎপত্তিগতভাবে ব্যাকরণ শব্দের অর্থ হলো-
ⓚ সংক্ষেপণ
ⓚ ভাবের বিনিময়
ⓖ বিশেষভাবে বিশ্লেষণ
ⓖ মিলন

৬. বাংলা বর্ণমালায় পূর্ণমাত্রা, অর্ধমাত্রা ও মাত্রাহীন বর্ণের সংখ্যা যথাক্রমে-
ⓚ ৩২,৮,১০
ⓚ ৩২,৭,১১
ⓖ ৩০,৮,১২
ⓖ ৩২,৭,৯

৭. 'বঙ্গীয় শব্দকোষ' এর প্রণেতা-
ⓚ ড. মুহম্মদ শহীদুল্লাহ্
ⓚ মুহম্মদ হাবিবুর রহমান
ⓖ হরিচরণ বন্দ্যোপাধ্যায়
ⓖ ফাদার ম্যানুএল

৮. বাংলা ভাষায় অনুসাঙ্গিক স্বরধ্বনি কয়টি?
ⓚ ৭টি
ⓚ ৪টি
ⓖ ১১টি
ⓖ ৩টি

৯. প্রত্যেক ভাষারই কয়টি মৌলিক অংশ থাকে?
ⓚ ৩টি
ⓚ ৫টি
ⓖ ৭টি
ⓖ ৪টি

১০. 'ক্ষ্ম' এর বিশ্লিষ্ট রূপ-
ⓚ ক্ষ + ম
ⓚ খ + হ + ম
ⓖ ক + ষ + ণ
ⓖ ক্ + ষ + ম

biddabari
**উত্তরমালা**

| | |
|---|---|
| ১ | ক |
| ২ | খ |
| ৩ | খ |
| ৪ | ক |
| ৫ | গ |
| ৬ | ক |
| ৭ | গ |
| ৮ | ক |
| ৯ | ঘ |
| ১০ | ঘ |

এই Lecture Sheet পড়ার পাশাপাশি Biddabari your success benchmark কর্তৃপক্ষ কর্তৃক দেয়া এসাইনমেন্ট এর "বাংলা ভাষা ও সাহিত্য" অংশটুকু ভালোভাবে চর্চা করতে হবে।

